# ইন্টারএ্যাকটিভ পপুলার থিয়েটার

## ইন্টারএ্যাকটিভ পপুলার থিয়েটার বাস্তবায়ন
## নি র্দে শি কা

পুলক রাহা

team associates
for Social Communication

**সূচীপত্র ঃ**

১.	মুখবন্ধ ---------------------------------------------------------------------------
২.	আইপিটি প্রোগ্রাম বাস্ড়বায়ন নির্দেশিকা ------------------------------------------
২.১	পান্ডুলিপির উন্নয়ন-----------------------------------------------------------
২.২	আইপিটি দল নির্বাচন --------------------------------------------------------
২.৩	নাট্য মঞ্চায়নের উন্নয়ন ও দক্ষতার উন্নয়ন
২.৪	পরিকল্পনা সভা
২.৫	মহড়ার পর চুড়ান্ড় নাট্যায়নের অনুমোদন
২.৬	স্থানীয় প্রচারণা
২.৭	মঞ্চ স্থাপন
২.৮	আলোক ব্যবস্থা
২.৯	দর্শক  ব্যাবস্থাপনা
২.১০	দর্শক মতামত বিশেণ্ঢষণ
২.১১	স্থানীয় জনগনকে অংশগ্রহণ।
২.১২	আর্থিক ব্যাবস্থাপনা
২.১৩	পর্যবেক্ষণ, মূল্যায়ন এবং প্রতিবেদন
২.১৪	বিভিন্ন ক্ষেত্রে আইপিটি বাস্ড়বায়ণ দায়দায়িত্ব
**চ্যাপ্টার তিন**
৩.	ইন্টারএ্যাকটিভ পপুলার থিয়েটার দলগুলির জন্য পথ নির্দেশিকা
৩.১	পান্ডুলিপি প্রস্তুতকরণ
৩.২	নাট্যায়ন ও দক্ষতার উন্নয়ন
৩.৩	মহড়া
৩.৪	পরিকল্পনা সভা
৩.৫	স্থানীয় প্রচারণা
৩.৬	মঞ্চ নির্মাণ
৩.৭	শব্দ যন্ত্র ব্যবস্থা
৩.৮	নাট্যমঞ্চায়ন
৩.৯	ইন্টারএ্যাকশণ ও ইন্টারএ্যাকশণ ফ্যাসিলিটেশন
৩.১০	আর্থিক ব্যবস্থাপনা
৩.১১	আইপিটি বাস্ড়বায়নের দায়দায়িত্ব।
পরিশিষ্ট
১. বাংলাদেশে আইপিটি'র বাস্ড়বায়নের অনুশীলন
২. ইউনিসেফ এর বর্তমান কার্যক্রমের বিশেণ্ঢষণ ঃ সবলতা ও চ্যালেঞ্জ সমূহ
৩. আইপিটি প্রতিবেদন ছক
৪. আইপিটি বাস্ড়বায়নের কর্মপরিকল্পনা ছক
৫. দর্শক মতামত ছক (মঞ্চায়ন পরবর্তী সাক্ষাৎকার ছক)
৬. প্রাক নাট্য সাক্ষাৎকার (দর্শকের সঙ্গে নাটক পূর্ববর্তী কথোপকথনের ছক )
৭. আইপিটি মঞ্চায়নের প্রয়োজনীয় কাজ সমূহের বিবরণ

# অধ্যায় - ১

## মুখবন্ধ

## ১.	মুখবন্ধ

২০০৩ সাল থেকে ইউনিসেফ শিক্ষা কার্যক্রমের আয়োতায় মেয়ে শিশুদেও শিক্ষার গুরুত্ব বিষয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য সাধারন জনগনের মধ্যে আইপিটির কার্যক্রমের শুরু করে। এর পর এই কার্যক্রম শুরু হয় এইচটিআর এনডিপি, ইনজুরী প্রিভেনশন কার্য়ক্রমে, এম এন এইচ, ফ্লু প্রতিরোধ কার্যক্রম, কিশোরীদের অধিকারের বিষয় এবং পরিবেশবান্ধব স্যানিটেশণ ও স্বাস্থ্যকর পয়ঃব্যবস্থার উন্নয়নে। যদিও বর্তমানে মাঠ পর্যায়ে আইপিটি বাস্তবায়নের জন্য কোন  নিদৃষ্ট নির্দেশিকা নেই। মানসম্পন্ন আইপিটি বাস্তবায়ন প্রক্রিয়ার জন্য ইউনিসেফের আইপিটির গাইডবই এর প্রয়োজন দেখা দেয়। এই কারনে এই গাইড বইটি করা হয়েছে সাধারণ মানুষের মাঝে কাজ করার জন্য। বাংলাদেশে বিভিন্ন এনজিও তাদের নিজস্ব  নির্দেশিকার মাধ্যমে পপুলার থিয়েটার কার্যক্রম বাস্তবায়ন করছে। কিন্তু এটিই পপুলার থিয়েটার ও তার শিক্ষার জন্য একমাত্র গাইডবই। এই গাইডবইটি  হয়ে উঠবে আইপিটির একটি ব্যাপক গ্রহণ যোগ্য নির্দেশিকা। এই প্রতিবেদনে দুটি নির্দেশিকা আছে, একটি অনুষ্ঠান সংগঠকদের জন্য এবং অন্যটি নাটকের দলগুলোর জন্য।

# পরিচ্ছেদ - ২

## আইপিটি অনুষ্ঠান সংগঠকদের জন্য নির্দেশিকা

## ২.	আইপিটি অনুষ্ঠান সংগঠকদের জন্য নির্দেশনা

এই বিভাগ আইপিটি অনুষ্ঠান বাস্তবায়ন কারীদের জন্য এখানে নির্দেশনা ও কর্ম পদ্ধতির বিভিন্ন দিক আছে। যেমন - নাট্য পান্ডুলিপির প্রস্তুতি, আইপিটি দল নির্বাচন, নাট্যায়ন এর উন্নতি ও দক্ষতার উৎকর্ষতা, পরিকল্পনা সভা, প্রচার কার্যক্রম, মঞ্চ নির্মাণ, আলোক সম্পাদন, দর্শক ব্যবস্থাপনা, দর্শক মতামত বিশ্লেষণ, আর্থিক ব্যবস্থাপনা, পর্যবেক্ষণ, মূল্যায়ন এবং বিভিন্ন বিষয় আলোচনা করা হয়েছে।

## ২.১	নাট্য পান্ডুলিপি প্রস্তুত করণ

পান্ডুলিপি প্রস্তুত কার্যক্রমে স্থানীয় জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা দরকার বিশেষ করে সমাজের বিভিন্ন শ্রেণীর পেশাজীবি যারা সমসাময়িক বিষয় নিয়ে কাজ করে তাদেরকে অর্ন্তভূক্ত করা । যেমনঃ শিক্ষক, স্বাস্থ্যকর্মী, অনুষ্ঠান সংগঠক, স্থানীয় নাট্যদল সমূহ এবং নাট্যপান্ডুলিপি উন্নয়নে পারদর্শীগণ।

যদিও নাট্যপান্ডুলিপি প্রস্তুত প্রক্রিয়ার আগেই উন্নয়ন কার্যক্রমের প্রধান তথ্যগুলোকে নির্ধারণ করা উচিত।

নাট্যপান্ডুলিপি প্রস্তুত প্রক্রিয়া হওয়া উচিত সকল অংশগ্রহণকারীর অংশীদারিত্বের ভিত্তিতে যাতে স্থানীয়রা পান্ডুলিপির বিষয়বস্তু এবং আইপিটি প্রক্রিয়ায় নিশ্চিতভাবে অংশগ্রহণে উদ্যোগী হয়। এই প্রসঙ্গে বর্তমান প্রস্তাবিত নির্দেশিকাকে এখানে উপস্থাপন করা হয়েছে সঠিক তথ্য নির্ধারণ এবং নাট্যপান্ডুলিপি রচনা কর্মশালার প্রক্রিয়ার জন্য।

<u>**নাট্য পান্ডুলিপি কর্মশালা**</u>

- কর্মশালাটির আয়োজন করা হবে কেন্দ্রীয় পর্যায়ে কেন্দ্রীয় কর্মকর্তাদের মাধ্যমে।
- প্রত্যেকটি কর্মশালার মাধ্যমে ৪টি পান্ডুলিপি প্রস্তুত করা হবে।
- এই নাট্যপান্ডুলিপি রচনা কর্মশালা হবে ৫ দিনের।
- ২৪ জন অংশগ্রহণকারী (১২ জন পুরুষ + ১২ জন নারী) নাট্যপান্ডুলিপি রচনার কর্মশালাতে অংশগ্রহণ করবে। আইপিটি বিভাগীয় পর্যায়ের দলগুলো থেকে ৭ জন নাট্যনির্দেশক, ৭ জন নাট্যকার, ৬ জন অনুষ্ঠান সংগঠক বিভিন্ন পর্যায় থেকে, (২ জন কেন্দ্রীয় পর্যায়ের, ২ জন জেলা পর্যায়ের এবং ২ জন কর্মসূচি বাস্তবায়নকারী।) ৪ জন প্রতিষ্ঠিত নাট্যকার নাট্যপান্ডুলিপি কর্মশালায় অংশ গ্রহণ করবে।
- প্রতিটি বিভাগ থেকে কয়েকটা করে নাটক তৈরি করতে হবে ঐ বিভাগের স্থানীয় অবস্থা ও সমস্যা নিয়ে। নাটক সমূহের সংলাপ হবে স্থানীয় প্রচলিত ভাষায়।
- ৬ জন নির্দেশক/নাট্যকার ৬টি বিভাগের পূর্ব নিধারিত আই টি পি দল থেকে এবং ১ জন পার্বত্য চট্টগ্রাম এলাকা থেকে বাছাই করা হবে।
- ৬ জন ষ্টেক হোল্ডার বাছাই করা হবে ৬টি বিভাগ থেকে এবং ১ জন পার্বত্য চট্টগাম থেকে।
- ইন্টারএ্যাকটিভ পপুলার থিয়েটারএ অভিজ্ঞ নাট্যব্যক্তিত্বগণ এই কর্মশালা পরিচালনা করবেন।

- নাট্য পান্ডুলিপির সম্পাদনা ঃ তিন সদস্য বিশিষ্ট পরিষদ (আইপিটির অভিজ্ঞ নাট্যপান্ডুলিপিকার, অনুষ্ঠান সংগঠক/সাংস্কৃতিককর্মী এবং আইপিটি সদস্য) এই নাট্যপান্ডুলিপি সমূহকে সম্পাদনা করে চুড়ান্ড় করবেন।

## ২.২ আইপিটি দল নির্বাচন

এই কার্যক্রমকে সফল করার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজটি করে আইপিটি দল সমূহ, কেননা স্থানীয় অধীবাসীদের কাছে তথ্য পৌছে দেবার কাজে প্রধান ভূমিকা পালন করে এই দলগুলোই। দক্ষতা পেশাদারিত্ব এবং স্থানীয়দের প্রতি দায়বদ্ধতা ইত্যাদি বিষয় ভাবনায় রেখে আইপিটি দল নির্বাচন করা উচিত হবে। **জেলা পর্যায়ের প্রোগ্রাম পারসোনেল গণ** আইপিটি দল নির্বাচন করতে পারেন কেননা স্থানীয় আইপিটি দলের কার্যক্রমের সঙ্গে তারা পরিচিত। আইপিটি দলের কাজের সামর্থ ও দায়দায়িত্ব বিষয়ে নিশ্চিত হবার জন্য নিচের নির্দেশনা সমূহ অনুসরণ করা দরকার।

- আইপিটি দল বাছাই করতে হবে জেলা/উপজেলা থেকে।
- শহরে সুপরিচিত এবং নাট্যদল হিসেবে আন্ড়রিক বিবেচিত হতে হবে।
- আইপিটি দলের কমপক্ষে তিনটি নাটক প্রযোনা্ এবং স্থানীয় পর্যায়ে ৬টি মঞ্চায়ন থাকতে হবে।
- দলে কমপক্ষে **১২** জন নিয়মিত নাট্যকর্মী থাকতে হবে যার মধ্যে ৪ জন নারী নাট্যকর্মী থাকতে হবে।

## ২.৩ নাটক ( প্রোডাকশন ) তৈরী ও দক্ষতার উন্নয়ন

নাটকের পান্ডুলিপি প্রস্তুত হবার পর সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল পান্ডুলিপি অনুযায়ী নাট্যায়ন করা (নাটক তৈরী) আর নাট্যদলটির সদস্যদের এবং ইন্টারএ্যাকশন ফ্যাসিলিটেটরের দক্ষতার উন্নয়ন করা।

নাট্যদলের সদস্য বিশেষ করে নির্দেশক, অভিনেতা, অভিনেত্রী এবং ইন্টারএ্যাকশন ফ্যাসিলিটেটর প্রশিক্ষকগণের অংশগ্রহনে একটি কর্মশালার মধ্যদিয়ে নাট্যায়ন( প্রোডাকশন তৈরী ) করা হবে। **বিভাগীয় প্রোগ্রাম পারসোনেল কেন্দ্রীয় পর্যায়ের সহযোগিতায় বিভাগীয় পর্যায়ে নাট্যায়ন প্রক্রিয়া ( প্রোডাকশন ) ও দক্ষতার উন্নয়ন কর্মশালার আয়োজন করবেন।**

৭ দিনের ( সাত দিনের ) এই কর্মশালাটি নিগেলিখিত তিনটি সহজ পর্যায়ে হতে পারে।

- প্রথম পর্যায় হতে পরে দল সুসংগঠিত করার পরিকল্পনা, নাটকের সাথে অংশ গ্রহণকারীদের কণ্ঠস্বরকে সামঞ্জ্যপূর্ণ করা এবং তাদের যোগ্যতা বাড়াবার জন্য কৌশল প্রয়োগ করা।
- ২য় পর্যায়ে নাটকের বিষয় ভিত্তিক কর্মকান্ডে তাদেরকে সক্রিয় করা যাতে বিষয়টির বিভিন্ন দিক উলেখিত হয় এবং অংশগ্রহণকারীদের উপস্থাপনের জন্য নাট্যদৃশ্য প্রস্তুত করা।
- তৃতীয় পর্যায় হবে খসড়া/প্রাথমিক নাট্যায়ন প্রক্রিয়া সম্পন্ন করা ইন্টাএ্যাকশন ফ্যাসিলিটিশন কৌশল রপ্ত করা।

প্রথম এবং ২য় পর্বের কার্যক্রম কর্মশালার প্রথম পাঁচ (২+৩) দিন চলবে। এই দুই পর্বের কার্যক্রমে শারীরিক ব্যায়াম ও থিয়েটার গেম চলবে। শারীরিক ব্যায়ামের মধ্যে চলাফেলা, শ্বাস প্রশ্বাস, পেশীর সামর্থ, কণ্ঠস্বর প্রভৃতির কসরৎ যা মঞ্চের ব্যবহার ও অন্যান্যদের সাথে সমঝোতা তৈরীর ক্ষেত্রে সহযোগিতা করবে। যে সকল থিয়েটার গেম করান হবে তার লক্ষ থাকবে নাট্যপ্রক্রিয়ায় তার সংলাপ ও অর্থ যেন অংশগ্রহণকারীরা সহজে হৃদয়াঙ্গম করতে পারে এবং তা যেন বাস্তবিক সৃষ্টি প্রক্রিয়ার সামর্থ বৃদ্ধি করে।

দক্ষতার উন্নয়নের জন্য কর্মশালার আয়োজনটিতে যে নির্দেশনা প্রস্তাব করা হয়েছে তা নিচে উলেখ করা হল:

- দক্ষতার উন্নয়নে কর্মশালাটি **বিভাগীয় পর্যায়ে** সংগঠিত হতে হবে।
- কর্মশালাটি হবে সাত দিনের যেখানে তিনটি নির্দিষ্ট পর্যায় থাকবে। (আগে উলেখ করা হয়েছে)।
- একটি কর্মশালায় সর্বোচ্চ ২৪ জন অংশগ্রহণ করবেন এবং একটি নাট্যদল থেকে ৪ জনের বেশী অংশ গ্রহণ করতে পারবেননা। একজন নির্দেশক, একজন ইন্টারএ্যাকশন ফেসিলিটেটর, একজন পুরুষ ও একজন নারীনাট্যকর্মী প্রতিটি দল থেকে অংশ গ্রহণ করবে। একটি কর্মশালায় সর্বোচ্চ ৬টি নাট্যদল অংশ নেবে।
- কর্মশালায় অংশগ্রহণকারী বাছাই এর ক্ষেত্রে নারীপুরুষের সমতা বাজিয়ে রাখা বাঞ্ছনিয়।
- ইন্টারএ্যাকটিভ পপুলার থিয়েটা ব্যাক্তিত্ব্য এই কর্মশালা পরিচালনা করবেন।
- কর্মশালার শেষে একটি পরীক্ষামূলক (টেকনিক্যাল শো) মঞ্চায়ন করতে হবে দর্শকের উপস্থিতিতে। নাটকটি নিয়ে একটি মতবিনিময় পর্ব করতে হবে, যেখানে অনুষ্ঠান কর্তাব্যক্তিগণ উপস্থিত থেকে নাটকের প্রোডাকশন নিয়ে তাদের মন্ড়ব্য ও মতামত প্রদান করবেন। এই মতামত সমূহ ও সমালচনার ভিত্তিতে নাটকের প্রোডাকশন চুড়ান্ড় করা হবে।

## ২.৪ পরিকল্পনা সভা

কেন্দ্রীয় ও মাঠ পর্যায় এই দুই স্থানেই পরিকল্পনা সভা হবে। কেন্দ্রীয় পর্যায়ের পরিকল্পনা সভায় নির্ধারিত করা হবে, এলাকা নির্বাচন, নাট্যমঞ্চায়ন সংখ্যা, নাটক এর সময়সীমা ইত্যাদি।

মাঠ ও জেলা পর্যায়ের পরিকল্পনা সভা সংগঠিত করবেন জেলা পর্যায়ের প্রোগ্রাম পারসোনেলগণ। এই সভায় নির্ধারণ করবে নাট্যমঞ্চায়নের স্থান, সময় ও তারিখ। সকল সংশি- ষ্ট কর্মকর্তা ও সংগঠকগণ এবং আইপিটি দলের কর্মকর্তাগণ এই পরিকল্পনা সভায় অংশগ্রহণ করবেন। জেলা প্রোগ্রাম পারসোনেলগণ এই সভায় সভাপতিত্ব করবেন।

আইপিটি দলের কার্যক্রম রিভিউ করার জন্য ফলোআপ পরিকল্পনা সভাটি সময় অনুযায়ী জেলা পর্যায়ের প্রোগ্রাম পারসোনেল কর্তৃক সংগঠিত করা হবে। এই ফলোআপ সভার মূল লক্ষ হলো; মূল পরিকল্পনা থেকে বিষয়ের তারতম্যতা আর প্রয়োজন হলে সংশোধন প্রক্রিয়া সম্পন্ন করবে।

মঞ্চায়ন সূচি ও স্থান নির্বাচনের জন্য পরিকল্পনা সভায় নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করা হবে।

**মঞ্চায়ন সময় সূচি**

- এলাকায় নির্বাচন করার জন্য বিকেলবেলা বা সন্ধ্যার আগের সময়টি বিশেষভাবে বিবেচনায় রাখতে হবে। যাতে অধিক সংখ্যক দর্শক সমাগম নিশ্চিত করা যায়।
- স্কুল সমূহে মঞ্চায়ন করার জন্য সকাল বেলার সময়টি মাথার রাখতে হবে।
- স্থানীয় এলাকায় মঞ্চায়নের জন্য সকালবেলার সময়টিকে বেছে নেয়া যাবে না।
- একমাত্র উপকূলীয় এলাকায় মঞ্চায়নের জন্য সন্ধ্যার সময়টি বিবেচিত হতে পারে।

**দিন নির্বাচন**

- যে কোন ধর্মীয় এবং জাতীয় শোকদিবস গুলোতে আইপিটি'র মঞ্চায়ন না করা ভাল।
- স্বাধীনতা দিবস, বিজয় দিবস এর মত জাতীয় দিবস গুলোতে আইপিটি'র নাটক মঞ্চায়ন করা যেতে পারে।
- সামাজিক বিভিন্ন উৎসব গুলোতে আইপিটি নাটকের মঞ্চায়ন করা যাবে।

**স্থান নির্বাচন**

- স্থান নির্বাচনের ক্ষেত্রে স্কুল প্রাঙ্গণ, কলেজ প্রাঙ্গণ, খোলা চত্বর এবং অডিটোরিয়াম গুলোকে অগ্রাধিকার দেয়া উচিত।
- বিশিষ্ট সমাজকর্মী ও স্থানীয় নেতৃবৃন্দের বাড়ীও মঞ্চায়নের ক্ষেত্রে ভাল স্থান হতে পারে।
- ধর্মীয় ও রাজনৈতিক অফিসের স্থান অবশ্য পরিহার যোগ্য।
- বাস ষ্টেশন, রেল ষ্টেশন, লঞ্চ টার্মিনাল এবং হাট বাজার গুলোও নাট্য মঞ্চায়ন পরিহার করা উচিত।
- পরিকল্পনা সভা সমূহে মঞ্চায়নের স্থান সমূহ নির্বাচনের সময় বিকল্প কোন একটি স্থানও ঠিক করে রাখতে হবে।

## ২.৫ মহড়ার পর চুড়ান্ড় মঞ্চায়নের অনুমোদন

জেলা পর্যায়ের প্রোগ্রাম পারসোনেল নাটক মঞ্চায়নের চুড়ান্ড় অনুমোদন দিবেন। মহড়া সমাপ্ত হবার পর আইপিটি দল নাটকটির একটি পরীক্ষামূলক (টেকনিকাল শো) মঞ্চায়ন করবে। জেলা প্রোগ্রাম পারসোনেল যে সকল বিষয় নিশ্চিত করবেনঃ

- পান্ডুলিপি যথার্তভাবে অনুসরণ করা হয়েছে।
- সংলাপ সঠিকভাবে উপস্থাপন করা হয়েছে কিনা।
- নাটকের তথ্য সমূহ সঠিকভাবে উপস্থাপন করা হয়েছে।
- নাট্যাভিনয় স্বতস্ফুর্ত ও প্রাণবন্ত হয়েছে।
- চরিত্র সমূহের পোষাক সামঞ্জস্য পূর্ণ কিনা।
- ইন্টারএ্যাকশন ফ্যাসিলিটেশন যথাযথ ছিল কিনা।

- নাট্যদলটির সার্বিক ব্যবস্থাপনা যোগ্যতা।

স্থানীয় পর্যায়ে নাটকটির চুড়ান্ড় প্রস্তুতির পর জেলা পর্যায়ের প্রোগ্রাম পারসোনেল-এর সম্মতি সাপেক্ষে নাটকটির মঞ্চায়নের পরিকল্পনা চুড়ান্ড় করা হবে।

## ২.৬ স্থানীয় প্রচার প্রচারণা

স্থানীয় পর্যায়ের কর্মকর্তা স্থানীয় প্রচার প্রচারণার দায়িত্ব পালন করবেন। **উপজেলা পর্যায়ের কর্মকর্তা** উপজেলা পর্যায়ে এবং **জেলা পর্যায়ের প্রোগ্রাম অফিসিয়াল** সিটি কর্পোরেশন ও পৌরসভাগুলোতে প্রচারণা চালাবেন। প্রচারণা সমূহ স্থানীয় পর্যায়েই করতে হবে। মাইকের মাধ্যমে প্রচারণা কার্যক্রম কমপক্ষে দুইবার করতে হবে প্রথমে নাটক মঞ্চায়নের আগের দিন এবং নাটক মঞ্চায়নের দিন মঞ্চায়নের তিন থেকে চার ঘন্টার আগে।

মাইকে প্রচারের সময় নাটকের নাম, সাংগঠকদের নাম, আইপিটি দলের নাম, তারিখ, সময়, স্থান এবং নাটকের মূল তথ্য উলেণ্ঢখ করতে হবে।

জনগণকে আকৃষ্ট করার জন্য এই প্রচারণার ঘোষণা আকর্ষণীয় এবং নাটকীয় হতে হবে।
মাইকে প্রচারের ক্ষেত্রে প্রচলিত ঘোষণার ধরণ যেমন ঢোল ও কাসির ব্যবহার ইত্যাদির মাধ্যমে প্রচারণা চালান যেতে পারে।

স্কুলের শিক্ষকগণ কর্তৃক ক্লাস সমূহে এবং মসজিদের ধর্মীয় নেতৃবর্গ কর্তৃক অনুষ্ঠান প্রচারণার ব্যবস্থাও করা যেতে পারে।

যে স্থানে নাটক মঞ্চায়িত হবে সেই সব এলাকা সমূহে প্রচারণা কার্যক্রম চালান উচিত।

লিফলেট, পোষ্টার, হ্যান্ড বিল প্রভৃতির প্রকাশনাকে কমগুরুত্ব দিতে হবে।

## ২.৭ মঞ্চনির্মাণ

মঞ্চটি নির্মানের সময় খেয়াল রাখতে হবে যে তিনদিকে- বামে, ডাইনে এবং সামনে থেকে যথেষ্ট পরিমাণ দেখা যায়। একটি বড় আকারের ব্যানার মঞ্চের পেছনে লাগাতে হবে।

প্রত্যেকটি অনুষ্ঠানের মূলবক্তব্য ( শ-াগান ), নাটকের নাম, আয়োজক সাংগঠনের নাম, এবং উপস্থাপনকারী সংগঠণ বা নাট্যদলের নাম ব্যানারে লিখতে হবে। মঞ্চটি এমন স্থানে নির্মিত হতে হবে যেখানে স্থানীয় জনগণ সহজে প্রবেশ করতে পারে।

১৮ ফুট লম্বা ও ১২ ফুট চওড়া মঞ্চ নির্মাণ আদর্শ মাপ হতে পারে। কিন্তু নির্বাচিত স্থানটির উপর নির্ভর করবে মঞ্চের মাপ।

পরিকল্পনা সভা এবং এই গাইড বই-এর  নির্দেশনা অনুযায়ী **উপজেলা পর্যায়ের প্রোগ্রাম পারসোনেলগণ** জেলা প্রোগ্রাম পারসোনেলগণের নির্দেশনা অনুযায়ী মঞ্চ নির্মাণের দায়িত্ব পালন করবেন ।

<u>মঞ্চ নির্মাণ সামগ্রী</u>

- ৪/৬ টি বাঁশের খুটি
- দড়ি
- ব্যানার / দৃশ্যপট

<u>মঞ্চ নির্মাণ প্রক্রিয়ার কাজ সমূহ</u>

- দর্শক যেন তিনদিক বাম, ডান এবং সম্মুখ ভাগ থেকে স্পষ্ট দেখতে পায়।
- ব্যানার থাকবে।
- স্থানীয় জন সাধারণ যেন সহজে স্থানটিতে প্রবেশাধিকার পায়।
- মঞ্চটি হবে **১৮** ফুট লম্বা × **১২** ফুট চওড়া।
- স্থানটি পর্যাপ্ত আলোকজ্জল হতে হবে।
- সংলাপ সঠিকভাবে ও সুস্পষ্ট ভাবে শোনা যায় এমন স্থান।

## ২.৮ আলোক ব্যবস্থা

অধিকাংশ মঞ্চায়নই হবে বিকেল বেলা তাই কোন আলোক সরঞ্জাম এর প্রয়োজন হবে না। যদি কোন মঞ্চায়ন সন্ধ্যেবেলা হয় তাহলে মঞ্চ আলোকিত করার জন্য উজ্জল আলোর ব্যবস্থার প্রয়োজন দেখা দেবে।  আলোচসা সাপেক্ষে আইটিপি দল/ উপজেলা প্রোগ্রাম পারসোনেল  এই আলোক ব্যবস্থার আয়োজন করবে।

## ২.৯ দর্শক বসার আয়োজন

**উপজেলা প্রোগ্রাম পারসোনেল** দর্শকদের বসার আয়োজন করবেন। আইপিটি মঞ্চায়নে তিনদিক খোলা মঞ্চের প্রস্ড়াব করা হয়েছে। বামদিক কিশোরী ও মহিলাদের দর্শকদের জন্য সংরক্ষিত  হবে। ডানদিকে সমাজের গন্যমান্য ব্যক্তিবর্গের জন্য যেমন, সামাজিক, রাজনৈতিক এবং ধর্মীয় নেতৃবর্গের ও অন্যান্য প্রভাবশালীদের বসার জন্য সংরক্ষণ করতে হবে। মঞ্চের সামনের দিকে বসবে  শিশু-কিশোর ও অন্যান্য পুরষ দর্শকগণ।

সাধারণ দর্শক শ্রোতার জন্য কোন চেয়ার বা বেঞ্চ ব্যবহার করা যাবে না। তবে সামান্য কিছু বসার ব্যবস্থা রাখা যেতে পারে নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের জন্য তাদের সম্মানজনক অবস্থানের বিষয়টি মাথায় রেখে।

## ২.১০ দর্শক মতামত পর্যবেক্ষণ

নাটক মঞ্চায়নের পূর্ব অভিজ্ঞতা থেকে দেখা যায় যে নাটক শেষ হবার পর কোন দর্শকই আর প্রশ্নের উত্তর দেবার জন্য অপেক্ষা করে না। দর্শক মতামত সংগ্রহের বিশেষ ব্যবস্থা বা পদ্ধতি অবলম্বন করা উচিত হবে যাতে আইপিটি মঞ্চায়নের নিয়মিত মান-উন্নয়ন ঘটান সম্ভব হয়। দর্শকের মতামত বা মন্তব্যের জন্য। এই বিষয়কে মাথায় রেখে কিছু দর্শককে শো'র আগে এবং পরে দর্শক মতামত সংগ্রহের ব্যবস্থা করতে হবে। ।

**উপজেলা পর্যায়ের প্রোগ্রাম পারসোনেল** স্থানীয় স্বেচ্ছাসেবক ও এলাকার জনগণের সহায়তায় দর্শক মতামত সংগ্রহ কার্যক্রম তদারকি করবেন। স্থানীয় স্বেচ্ছাসেবক/এলাকার জনগণ মঞ্চায়নের আগে একটি সহজ প্রশ্নমালার মাধ্যমে কমপক্ষে ১০ জন দর্শকের কাছ থেকে তথ্য সংগ্রহ করবেন। নাটক মঞ্চায়ন শেষে আবার কমপক্ষে ১০ জন দর্শকের কাজ থেকে প্রশ্নমালার মাধ্যমে তথ্য সংগ্রহ করবেন (৫ জন পুরুষ × ৫ জন নারী)। মঞ্চায়ন পরবর্তী সাক্ষাতকার কোন মঞ্চায়ন শেষ হবার সঙ্গে সঙ্গে অথবা পরেও করা যাবে। সকল উত্তর পত্র একটি ফাইলে সংরক্ষণ করতে হবে এবং তিন থেকে ছয় মাস পরে (প্রজেক্টের স্টাডি পরিকল্পনা অনুযায়ী) প্রজেক্ট পারসোনেল দর্শকের উত্তর পত্র নিয়ে এলাকার লোকদের মতামত সঙ্গে নিয়ে দলীয় সভায় নাটকটি নিয়ে পর্যালোচনা করবেন।

## ২.১১ স্থানীয় অধিবাসীদের উৎসাহিত করা

স্থানীয় কর্মীবাহিনী ও সমাজ পরিবর্তনকারী জনমত গড়ে তোলার জন্য স্থানীয় অধিবাসীদের অংশগ্রহণ উৎসাহিত করা যেতে পারে এই প্রক্রিয়ার মাধ্যমে। উপজেলা প্রোগ্রাম পারসোনেল এই প্রক্রিয়ার প্রচেষ্টা চালাবেন এবং উপজেলা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং মেম্বারগণ, ধর্মীয় নেতৃবৃন্দ, এসএমসি, সিএসসি, এবং স্বাস্থ্য ইউনিট প্রর্দশনী চলাকালিন শৃংখলা রক্ষার দায়িত্ব পালন করবেন।

স্থানীয় জনসাধারনের অংশ গ্রহণ নিশ্চিত করার জন্য নিচে উলেখকৃত প্রক্রিয়া আরোপ করা যেতে পারেঃ

- স্থানীয় পর্যায়ের কমিটি সমূহ যেমন স্কুল পরিচালনা কমিটি, স্বাস্থ্য ইউনিট, উপজেলা ও ইউনিয়নের চেয়ারম্যান ও মেম্বারগণ এবং ধর্মীয় নেতৃবর্গকে এই প্রক্রিয়ায় অন্তর্ভূক্ত করা যাবে।
- উপজেলা প্রোগ্রাম পারসোনেল স্থানীয় পর্যায়ের কমিটিকে নির্বাচন করবেন নাটকের বিষয়বস্তুর সঙ্গে সামঞ্জস্য রেখে।
- স্থানীয় পর্যায়ের জনগণ স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করবেন। যাতায়াত বাবদ, প্রয়োজনীয় দ্রব্য, ভেনু অথবা অনুষ্ঠান বাস্তবায়নের লক্ষ্যে কিছু ভাড়া করার ক্ষেত্রেই শুধুমাত্র খরচ করা যেতে পারে।
- কমিউনিটি পিপলকে পান্ডুলিপি তৈরীর ক্ষেত্রে নিয়োজিত করা এবং তাদের ধারণাকে প্রকাশ করার জন্য কর্মশলায় অংশগ্রহনের অনুমতি দেয়া যেতে পারে।
- নাটক মঞ্চায়নের জন্য সুবিধাজনক স্থান নির্বাচনের প্রয়োজনে তাদেরকে পরিকল্পনা সভায় অন্তর্ভূক্ত করা।
- স্থানীয় পর্যায়ের প্রচারণা কার্যক্রমে তাদেরকে অন্তর্ভূক্ত করা।
- তাদেরকে মঞ্চ নির্মাণ ও দর্শক বসার ব্যাবস্থাপনায় অন্তর্ভূক্ত করা।
- মঞ্চায়ন প্রাক ও পরবর্তী দর্শক সার্ভেতে তাদেরকে অন্তর্ভূক্ত করা।

## ২.১২ আর্থিক ব্যবস্থাপনা

সুষ্ঠু আইটিপি মঞ্চায়নের জন্য বাজেট খুবই গুরুত্বপূণ। আইটিপি মঞ্চায়নের প্রধান খরচ সমূহ হল ঃ

১. পান্ডুলিপি নির্মান খরচ
২. নাট্যায়ন বা নাটক প্রোডাকশান খরচ
৩. মহড়ার খরচ
৪. মঞ্চায়নের খরচ :

- অভিনেতা অভিনেত্রীর সম্মানী (পুরুষ ও নারী কুশীলবগণ সমান সম্মানী পাবেন)
- অভিনেতৃগণের যাতায়াত খরচ
- অভিনেতৃগণের খাবার খরচ
- প্রপস ও মেকাপ
- শব্দ যন্ত্রের খরচ
- মঞ্চ নির্মানের খরচ
- স্থানীয় প্রচারণা খরচ
- প্রর্দশনী প্রস্তুতী খরচ

৫. মনিটরিং  খরচ
৬. ডকুমেনটেশন  খরচ
৭. ফলোআপ খরচ

**জেলা পর্যায়ের প্রোগ্রাম পারসোনেল** সর্তকভাবে মঞ্চায়নের খরচ ও সম্ভাব্য বাজেট নির্ধারণ করবেন এবং বাজেট সময়মত প্রদান করবেন।

## ২.১৩ মনিটোরিং মূল্যায়ন এবং প্রতিবেদন

প্রজেক্ট বা প্রোগ্রামের চলমান কর্মকান্ডের নিয়মিত পর্যবেক্ষণ ও তথ্য সংরক্ষণ প্রক্রিয়াই হল মনিটোরিং।

### আইপিটি সেসন এর মনিটোরিং ও মূল্যায়ন

**মূল্যায়ন কি এবং এর প্রয়োজন কেন ?**

**মূল্যায়ন প্রশ্নে ঃ**

- আমাদের লক্ষ্যমাত্রা কি অর্জিত হয়েছে ?
- বিষয়বস্তু, পদ্ধতি এবং কর্মপ্রক্রিয়া আমাদের লক্ষ্যমাত্রায় পৌছাবার পক্ষে সহায়ক কিনা ?

প্রত্যেকটি অধিবেশন (সেসন) শেষে এবং অনেক গুলো অধিবেশন ও কর্মকান্ডের পর আমরা মূল্যায়ন করতে পারি।

**অংশগ্রহণকারীদের জন্য মূল্যায়ন যতটুকু সহায়ক ঃ**

- এই সেসনে অংশগ্রহণ করে তারা যা অর্জন করেছে তা নির্ধারণ করা।
- সেসনে উন্নতি করা।
- যা শেখা হয়েছে তা নির্ধারণ করা এবং কাজের ক্ষেত্রে বা নিজের ক্ষেত্রে তার প্রয়োগ করা।
- পরবর্তী সেসনের পরিকল্পনা।

একটি অধিবেশনের মূল্যায়ন প্রক্রিয়ার নিয়ম

১. দর্শক কেন্দ্রীক

নিচে উলেণ্টখকৃত প্রশ্নগুলো উদাহরণ হিসেবে ব্যবহার যোগ্য ।

- আজকের অধিবেশনে অংশগ্রহণ করে কেমন লাগল ?
- কোনটা সবচেয়ে ভাল লেগেছে এবং কেন ?
- কোনটা ভাল লাগেনি এবং কেন ?
- কি ভাবে আমরা নাটকটির উন্নতি করতে পারি ?
- কোন নতুন তথ্য আপনি আপনার শ্রদ্ধেয়জন, পরিবার ও আপনজনদের জন্য বয়ে নিয়ে যাবেন ?
- আজকে আমাদের প্রধানতম প্রাপ্তি কি ?
- কোন বিষয়টি বা ধারণাটি আমাদের আবার আলোচনা করা দরকার ?
- আজকে যা শিখলেন তা আপনি কিভাবে কাজে লাগাবেন ?
- আমাদের পরবর্তী করণীয় কাজ কি ?

নাটক মঞ্চায়নের পর সকলে গোল হয়ে বসে একটি একটি করে প্রশ্ন জিজ্ঞাসা করে প্রত্যেক অংশগ্রহণকারীকে ভালভাবে মন্ড়ব্য করার জন্য বলতে হবে এবং এরপর এভাবেই প্রশ্ন পরিবর্তন করে মন্ড়ব্য সংগ্রহ করতে হবে।

২. সংক্ষেপে অনুভূতির প্রকাশ

আজকের অধিবেশন কেমন লাগল তার অনুভূতি মাত্র একটি শব্দ ব্যবহার করে উলেখ করতে হবে। এভাবে বৃত্তের মধ্যেকার প্রত্যেকের কাছে পর্যায়ক্রমে প্রশ্ন করতে হবে।

৩. পর্যবেক্ষণ

অংশগ্রহণের পরিমাণ, আগ্রহ/সামর্থের পরিমাণ, সমৃদ্ধ পদক্ষেপ এবং ভিন্ন কোন পদ্ধতির ব্যবহার এর উপর পর্যবেক্ষণ এর জন্য স্থানীয় সম্প্রদায়ের মধ্যে থেকে পর্যবেক্ষণ (এস এম সি) নির্বাচন করতে হবে। পর্যবেক্ষকগণ অধিবেশন বা কার্যক্রমের শেষে প্রতিবেদন জমা দেবেন।

শুরু থেকে শেষ পর্যন্ড় প্রজেক্টটি অসম্পূর্ণ থেকে যায় মনিটোরিং না হলে। প্রজেক্ট পরিকল্পনা ও বাস্ড়বায়নের জন্য এর প্রয়োজনীয়তা সর্বাধিক। মনিটোরিং যা তথ্য সরবরাহ করে তা যে ক্ষেত্রে ফলপ্রসু হবে যদি ক) সমস্ড় কার্যক্রম সুষ্ঠুভাবে ও সঠিক লোক দ্বারা এবং সঠিক সময়ে সম্পন্ন হচ্ছে। খ) প্রজেক্টের বিষয়গুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করা।

- জেলা প্রোগ্রাম পারসোনেল কর্মকান্ডের ২০ ভাগ মনিটোরিং করবে।
- কেন্দ্রীয় প্রোগ্রাম পারসোনেল কর্মকান্ডের ১০ ভাগ মনিটোরিং করবে।
- জেলা প্রোগ্রাম পারসোনেল তাদের পর্যবেক্ষন আইপিটি দলকে জানাবে।
- জেলা প্রোগ্রাম পারসোনেল মনিটোরিং ছক অনুযায়ী আইপিটির কার্যক্রম মনিটোরিং করবে এবং এটি কেন্দ্রীয় প্রোগ্রাম পারসোনেল এর কাছে পাঠাবেন।
- উপজেলা ভিত্তিক প্রোগ্রাম পারসোনেল দর্শকের প্রতিক্রিয়া গ্রহণ করবেন তাৎক্ষনিক ভাবে সংগৃহীত ফলাফলের ভিত্তিতে।
- জেলা প্রোগ্রাম পারসোনেল এইসব তাৎক্ষনিক প্রতিবেদন একত্র করবেন এবং এগুলোকে কেন্দ্রীয় প্রোগ্রাম পারসোনেল এর নিকট প্রেরণ করবেন।

প্রতিবেদন পদ্ধতি

- বাস্তবায়নকারী উপজেলা প্রোগ্রাম পারসোনেল জেলা প্রোগ্রাম পারসোনেল এর কাছে প্রতিবেদন জমা দেবেন।
- জেলার নিজস্ব প্রোগ্রাম পারসোনেল প্রধান অফিসে রিপোর্ট করবেন।
- আইপিটি দলগুলো নিজ জেলার সরকারী কর্মকর্তা ও ইউনিসেফ কর্মকর্তার কাছে রিপোর্ট করবে।
- প্রত্যেকটি পরিকল্পিত মঞ্চায়নের পর ঐ মঞ্চায়নের স্থান, সময় ও তারিখ সুনিশ্চিত করার জন্য স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সমগুরুত্বপূর্ণ স্থানীয় ব্যক্তি একটি ছাপান ফর্ম ব্যবহার করবেন।

প্রতিবেদন এর ধরণ হবে দুইভাগে বিভক্ত ঃ

- দর্শকের অভিজ্ঞতা পাঠের প্রতিবেদন এবং মঞ্চায়নের মনিটোরিং প্রতিবেদন।
- প্রতিবেদনের পরিমাণ সমূহ সংযুক্তকরণ।

মনিটোরিং মানদন্ড

মানদন্ডের পরিমাপ:

১. আনুমানিক ------- % দর্শক কথপোকথন এ অংশগ্রহণ করেছে।
২. আনুমানিক ------- % নারী দর্শক নাটক পর্বে অংশ নিয়েছে।
৩. আনুমানিক ------- % দর্শক আইপিটি মঞ্চায়নের মেসেজ বুঝেছে।
৪. আনুমানিক ------- % দর্শক আইপিটির মঞ্চায়নের পর কিছু একটা করার সংকল্প

করেছেন।

৫. আনুমানিক-------% দর্শক আইপিটির মঞ্চায়ন উপভোগ করতে এসেছেন মাইকিং/পোষ্টার/লিফলেট/বন্ধুদের কাছ থেকে শোনার মাধ্যমে।

৬. আনুমানিক ------- % দর্শক বলেছেন আইপিটি শোটি ভাল/খুবভাল/ভাল নয়।

গুণগত মানদন্ড

১. প্রধানতম বক্তব্যটি নাটকে বলা হয়েছে কিনা ?
২. বক্তব্যগুলো সুস্পষ্ট ভাবে শোনা গেছে কিনা ?
৩. অভিনেতা অভিনেত্রীগণ তাদের সংলাপে স্বতস্ফুর্ত ছিলেন কিনা ?
৪. অভিনেতা অভিনেত্রীগণের অভিনয় প্রাণবন্ড় ছিল কিনা ?
৫. নাটকটি পান্ডুলিপি অনুযায়ী মঞ্চায়িত হয়েছে কিনা ?
৬. অভিনয়ের সময় অংশগ্রহণকারীরা চরিত্রের সঙ্গে মিশে গিয়েছিল কিনা ?
৭. দর্শকরা কি মনযোগের সাথে নাটকটি উপভোগ করেছিল ?
৮. নাটক চলাকালিন এবং নাটক শেষে দর্শক উৎফুল্ল ছিল কিনা ?
৯. নাটক শেষে অভিনেতা ও দর্শকদের মধ্যে কথপোকথন হয়েছিল কিনা ?
১০. ইন্টারএ্যাকশনে বিষয়টা কি বিস্ড়ারিতভাবে আলোচিত হয়েছিল ?
১১. ইন্টারএ্যাকশনে কি কোন নির্দিষ্ট উপসংহারে গিয়ে শেষ হয়েছিল ?
১২. ফেসিলেটিটর অন্য ধরনের কোন সেবার কথা বলেছিল কিনা ?
১৩. দর্শকগণ সক্রিয়ভাবে অংশ নিয়েছিল কিনা।

## ২.১৪ বিভিন্ন ক্ষেত্রে আইপিটি বাস্তবায়নের দায়দায়িত্ব সমূহ

**প্রোগ্রাম পারসোনেল**

১. <u>কেন্দ্রীয় পর্যায়ের প্রোগ্রাম পারসোনেল</u>

- তথ্য আদান প্রদান করা এবং পান্ডুলিপির অনুমোদন দেয়া।
- বিভাগীয় পর্যায়ের প্রোগ্রাম পারসোনেল এর সঙ্গে নাটক সংগঠিত করা এবং দক্ষতা বৃদ্ধির কর্মশালায় সহযোগিতা করা।
- তহবিল প্রদান করা এবং নির্দেশনা দেয়া।
- নির্দেশনাবলীর বাস্তবায়ন করা।
- কর্মকান্ডের সার্বিক মনিটোরিং করা।
- কর্মকান্ডের সার্বিক মনিটোরিং করা।
- সবধরনের ছক ও নির্দেশনাবলীর উন্নয়ন করা।
- কর্মপদ্ধতি ও গাইড দিবেন।
- পান্ডুলিপি লেখক বা নাট্যকারদের জন্য আধুনিক প্রশিক্ষণের ব্যবস্থা করা।

২.  বিভাগীয় পর্যায়ের প্রোগ্রাম পারসোনেল

- নাটক ও দক্ষতার উন্নয়নে কর্মশালা সংগঠিত করা।
- আইপিটি বাস্ড়বায়নে কেন্দ্রীয় পর্যায়ের প্রোগ্রাম পারসোনেলকে সহযোগিতা করা।
- আইপিটি কার্যক্রমে সার্বিক মনিটোরিংএ কেন্দ্রীয় পর্যায়ের প্রোগ্রাম পারসোনেলকে সাহায্য করা।

৩.  জেলা পর্যায়ের প্রোগ্রাম পারসোনেল

- উপজেলা অনুষ্ঠান কর্মকর্তা, আইপিটি দল এবং ইউনিসেফ এর অংশগ্রহণে পরিকল্পনা সভা সংগঠিত করা।
- কারিগরি (টেকনিক্যাল) শো পর্যবেক্ষণ এবং আইপিটি দল কর্তৃক মঞ্চায়নের প্রস্তুতি পর্যবেক্ষণ এবং চুড়ান্ড় মঞ্চায়নের অনুমোদন।
- কমিউনিটি পর্যায়ে নাটক করা।
- স্থান, তারিখ, সময় নিশ্চিত হবার পর জাতীয় পর্যায়ের কর্তা ব্যক্তিকে এবং ইউনিসেফকে জানান।
- স্থানীয় পর্যায়ে মঞ্চায়িত ইন্টারএ্যাকটিভ লাইভশোর কমপক্ষে একটা বা দুইটা মনিটোরিং করা।
- ইন্টারএ্যাকটিভ মিডিয়া দলে ফিডব্যাক করা।
- পৌরসভা বা সিটি কর্পোরেশন এলাকায় প্রচারণা সংগঠিত করা।
- ইন্টারএ্যাকটিভ লাইভ দলগুলোর জন্য তহবিল প্রদান করা।
- যদি মঞ্চায়ন সংখ্যা ১৫টি বেশী হয় তাহলে তহবিল তিনটি ভাগে প্রদান করা হবে ৪০% প্রথম বারে, ৩০% ২য় বারে এবং বাকী ৩০% শেষ বারে।
- ইন্টারএ্যাকটিভ দলগুলোর সঙ্গে নিবিড় সম্পর্ক রক্ষা করা।

৪.  উপজেলা পর্যায়ের প্রোগ্রাম পারসোনেল (যেখানে প্রযোজ্য)

- মঞ্চের প্রস্তুতি সমূহ এবং প্রচারণা কার্যক্রম।
- শো এ দর্শকের জন্য বসার ব্যবস্থা করা।
- সঠিক সময় ও স্থানে শো নিশ্চিত করা।
- প্রত্যেকটি শোতে অংশগ্রহণ করা এবং মনিটোরিং করা।
- দর্শক মন্ড়ব্য গ্রহণ করার জন্য ইন্টারএ্যাকটিভ দলকে সহযোগিতা করা।

- ইন্টারএ্যাকটিভ দলকে বিল জমা দেবার জন্য সাহায্য করা।
- ইন্টারএ্যাকটিভ দলকে মঞ্চায়নে সাহায্য করার জন্য স্থানীয় কর্তৃপক্ষ ও জনগণকে ম্যানেজ করার দায়িত্ব নেয়া।
- জেলা পর্যায়ের কর্মকর্তা এবং ইউনিসেফ এ প্রতিবেদন পাঠান।

ইউনিসেফ অফিসিয়াল

- পরিকল্পনা সভায় অংশ নেয়া।
- টেকনিক্যাল শো পর্যবেক্ষণ করা, আইপিটি দলগুলো মঞ্চায়নের প্রস্তুতি নিচ্ছে কিনা খোজ নেয়া এবং চুড়ান্তভাবে মঞ্চায়নের অনুমোদন দেয়া।
- নাটক মঞ্চায়ন মনিটোরিং করা।
- স্থানীয় পর্যায়ের শো গুলির কমপক্ষে একটির পর্যবেক্ষণ করা।
- আইপিটি কার্যক্রমের সকল কারিগরি মহড়া প্রদান করা।

## তৃতীয় অধ্যায়

### ইন্টার এ্যাকটিভ পপুলার দলগুলোর জন্য নির্দেশনাবলী

৩.	ইন্টারএ্যাকটিভ পপুলার দলগুলোর জন্য নির্দেশনাবলী

এই অংশটি ইন্টারএ্যাকটিভ পপুলার দলগুলোর জন্য।
দলীয় সদস্যদের কর্মকান্ডের জন্য এখানে নির্দেশনাবলী ও পদ্ধতির আলোচনা করা হয়েছে।

৩.১ পান্ডুলিপি প্রস্তুতকরণ

আইপিটি দলগুলোর কেন্দ্রীয় পর্যায়ের অফিসিয়াল কর্তৃক নির্দেশিত ৩ দিনের পান্ডুলিপি প্রস্তুতকরণ কর্মশালায় অংশগ্রহণকারীদের প্রেরণ করবে।

৩.২ মঞ্চায়ন ও দক্ষতার উন্নয়ন

বিভাগীয় পর্যায়ের ৬ দিনের নাট্যায়ন ও দক্ষতার উন্নয়ন কর্মশালায় প্রত্যেক আইপিটি দল ৪ জন সদস্য বাছাই করবে- একজন নির্দেশক একজন ইন্টারএ্যাকশন ফ্যাসিলিটেটর এবং দুইজন নাট্য কর্মী।

### ৩.৩ মহড়া

স্থানীয় পর্যায়ে নাটক মঞ্চায়নের জন্য প্রোডাকশন ও পারফরমেন্সের চুড়ান্ত প্রশিক্ষণ শেষে নির্দেশক দলীয় সদস্যদেরকে নাটক মঞ্চায়নে প্রস্তুত করার জন্য মহড়ার ব্যবস্থা করবেন। যে সকল নিয়ম মেনে মহড়া চালাতে হবে তাহল-

- আইপিটি নির্দেশক ১০ দিনের (প্রতিদিন ৩-৪ ঘন্টা) মহড়ার আয়োজন করবেন এবং দলের নিজস্ব স্থানে কমপক্ষে ৭ দিনের মহড়ার আয়োজন করতে হবে।
- কমপক্ষে ২টি মহড়ার আয়োজন কমিউনিটি পিপল এর সামনে করতে হবে, শোটিকে আরও ক্লায়েন্ট ফোকাসড করে স্থানীয় রিচুয়াল, সংস্কৃতি, কথ্যভাষা ইত্যাদির সম্মিলনের মাধ্যমে সম্পন্ন করা শেষ পর্যন্ত যা স্থানীয়দের কাছে তথ্য আদান প্রদানের জন্য শক্তিশালী মাধ্যম হবে।
- মহড়ার শেষ পর্যায়ে একটি টেকনিক্যাল শো'র আয়োজন করতে হবে, দর্শকের সঙ্গে ইন্টারএ্যাকশন সহ।
- মহড়ার সকল কুশীলবকে উপস্থিত থাকতে হবে যাতে যেকোন কুশীলবের অনুপস্থিতিতে অন্য যে কেউ তার স্থান পূরণ করতে পারে।
- অনুমোদিত আইপিটির নাটক ও মঞ্চায়ন অনুযায়ী নির্দেশক মহড়া চালাবেন।
- মহড়ার সময় কুশীলবগনকে স্থানীয় কথাভাষা ব্যবহার করতে হবে।
- মহড়ায় স্থানীয় লোকসাংস্কৃতিক উপাদান প্রয়োগ করতে হবে।
- বাস্তব সম্মত, ভাড়া করা সুনির্দিষ্ট প্রপস সমূহ, কাস্টমস এবং মেকাপ মহড়া চলাকালিন সময়ে চুড়ান্ত করতে হবে।
- জেলা ও উপজেলা পর্যায়ের কর্মসূচী কর্তাব্যক্তি আইপিটি শোতে অংশ নেবেন এবং মঞ্চায়নের চুড়ান্ত অনুমোদন দেবেন।

### পরিকল্পনা সভা

চুড়ান্ত মহড়ার পর যখন নাট্যদল শো করার জন্য প্রস্তুত তখন জেলা পর্যায়ে একটি পরিকল্পনা সভা করা হবে। ঐ সভায় স্থান, মঞ্চায়নের সময় সূচি এবং মঞ্চায়নের সংখ্যার সিদ্ধান্ত গ্রহণ করা হবে। সকল সম্পৃক্ত কর্মকর্তা, প্রোগ্রাম পারসোনেল এবং আইপিটি দলের নেতৃবৃন্দ এই সভায় অংশ নেবেন।

জেলা প্রোগ্রাম পারসোনেল এই সভায় সভাপতিত্ব করবেন। আইপিটি নেতৃবৃন্দ ফলোআপ পরিকল্পনা সভাতেও অংশ নেবেন যা পর্যায়ক্রমে আইপিটি পারফমেন্স পর্যালচনা করার জন্য সংগঠিত করা হবে।

মঞ্চায়ন সময় সূচী

আইপিটি দলটি নিশ্চিত করবে যে সমস্ত মঞ্চায়ন সময়সূচী অনুযায়ী সম্পন্ন করা হয়েছে। আইপিটি দলটি গ্রাম্যজনপদে নাটক শুরু হবার কমপক্ষে ৩ ঘন্টা আগে পৌছাবে। শহর এলাকায় আইপিটি দলটি পৌছাবে ২ ঘন্টা আগে। যদি কোন কারনে নির্দিষ্ট স্থানে নাটকটি মঞ্চস্থ করা সম্ভব না হয়, তাহলে আইপিটি নেতৃবৃন্দ তাৎক্ষণিকভাবে উপজেলা প্রোগ্রাম পারসোনেলকে জানাবে এবং নতুন স্থানে শো করার সিদ্ধান্ত গ্রহণ করবে।

মঞ্চায়ন স্থান

আইপিটি দলীয় প্রধান মঞ্চায়নের আগের দিন মঞ্চায়নের স্থান পরিদর্শন করে নিশ্চিত হবেন যে মঞ্চায়ন স্থান নির্বাচনের ক্ষেত্রে সকল দিক বিবেচনা করা হয়েছে। যদি প্রয়োজন হয় তাহলে তিনি উপজেলা প্রোগ্রাম পারসোনেল এর সঙ্গে আলোচনা করবেন এবং মঞ্চায়নটি বিকল্প কোন স্থানে স্থানান্তরিত করবেন।

৩.৫ স্থানীয় প্রচারণা

আইপিটি নেতা আগের দিন মঞ্চায়ন স্থান পরিদর্শন করবেন এবং উপজেলা প্রোগ্রাম পারসোনেল এর সঙ্গে স্থানীয় প্রচারণা কার্যক্রম ফলোআপ করবেন। আইপিটি দল মঞ্চায়ন স্থানে ৩/৪ ঘন্টা পূর্বে পৌছাবে এবং দলীয় নেতা পুনরায় স্থানীয় প্রচারণা কার্যক্রম ফলোআপ করবেন।

৩.৬ মঞ্চস্থাপন

আইপিটি দলীয় নেতা মঞ্চস্থাপন প্রক্রিয়ার তালিকা পরীক্ষা করবেন। যদি তালিকায় কোন রকম সমস্যা থাকে তাহলে তিনি সমস্যা সমাধানের লক্ষ্যে উপজেলা প্রোগ্রাম পারসোনেল এর সঙ্গে আলোচনা করবেন।

মঞ্চ স্থাপন প্রক্রিয়ার তালিকা

- বাম, ডান এবং সম্মুখ ভাগ এই তিনদিক থেকে স্পষ্টভাবে দেখা যাবে।
- ব্যানারে মানসম্মত রঙে নাটকের দলের সদস্যদের নাম লেখা ।
- স্থানটিতে স্থানীয় অধিবাসী যেন স্বচ্ছন্দভাবে আসতে পারে।
- আদর্শ মঞ্চের মাপ হবে ১৮ ফুট লম্বা × ১২ ফুট চওড়া কিন্তু মাপটির পরিবর্তনও হতে পারে।
- পর্যাপ্ত আলোকজ্জল পরিবেশ থাকতে হবে।

- সংলাপ সঠিকভাবে শোনার জন্য শব্দ ব্যবস্থাপনা যেন সুস্পষ্ট ভাবে করা হয়।

### ৩.৭ শব্দযন্ত্র

লাইভ পারফর্মেন্স এর জন্য শব্দযন্ত্র একটি অন্তরায় স্বরূপ যদিও বাস্তবতা হল শব্দযন্ত্র ছাড়া শত শত দর্শক শ্রোতার সাথে যোগাযোগ অসম্ভব।
৪/৬টি মঞ্চ উপযোগী মাইক্রোফোন এবং দুটি সাউন্ড বক্স দর্শক শ্রোতার সঙ্গে যোগাযোগের জন্য যথেষ্ট।
আইপিটি দলটি নাটক মঞ্চায়নের জন্য শব্দযন্ত্রের ব্যবস্থা করবে।

### ৩.৮ শো / নাটক মঞ্চায়ন

একটি এলাকায় একই বিষয়ের নাটকের কমপক্ষে তিনটি মঞ্চায়ন করা উচিত। অবশ্যই কমপক্ষে এক মাসের ব্যবধানে নাটক পুনঃ মঞ্চায়ন করতে হবে কিন্তু মোটেও তিন মাসের অতিরিক্ত সময়ের ব্যবধানে নয়। প্রথমত দর্শক নাটকটিকে বিনোদনের জন্যই দেখবে।
একই এলাকায় ২য় মঞ্চায়নের সময় দর্শক নাটকের বক্তব্য ও সমস্যা সম্পর্কে সচেতন হবে এবং এগুলো নিয়ে চিন্তামগ্ন হবে। ৩য় মঞ্চায়ন থেকে দর্শক নাটকে বক্তব্য ও ইস্যু বিষয়ে জানবে। তারা সমস্যার সমাধান নিয়ে ভাবতে শুরু করবে।

### ৩.৯ ইন্টারএ্যাকশন ও ফেসিলিটেশন

ইন্টারএ্যাকশন প্রক্রিয়া নাটকে সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ কেননা নাটকে কমিউনিটি পিপল ও নাট্য চরিত্রের মধ্যেকার সংলাপের মাধ্যমে এটি একটি জনমত গঠনে সহায়তা করবে যদিও ফেসিলিটেটর এর দক্ষতার উপরই সংলাপ প্রক্রিয়া কঠিনভাবে নির্ভর করে। কেন্দ্রীয় প্রোগ্রাম অফিসিয়াল পান্ডুলিপি প্রস্তুত হবার পর পূর্ব থেকেই সংলাপ প্রক্রিয়া নির্ধারণ করে দেবেন।

ফ্যাসিলিটেটর এর দুটি ভূমিকা

একটি বাই সাইকেলের দুইটি চাকা যেমন সমান প্রয়োজন তেমনি ফ্যাসিলিটেটর এর দুইটি ভুমিকা আছে যা সমানভাবে গুরুত্বপূর্ণ। ভুমিকা দুটি দলগুলোর সাবলীনভাবে চলার ক্ষেত্রে অবশ্যই কাজ করবে।
ভূমিকা দুটি-

- অংশ গ্রহণ, দর্শকের আস্থা অর্জন এবং সহযোগিতার জন্য আশ্বস্ত করা।
- দর্শকের প্রত্যাশিত ফলাফলকে অর্জন করার জন্য সাহায্য করা।

তারপরও যদি স্থানীয় জনগণ কোন নতুন ইস্যুর উত্থাপন করে ত্হলে ফেসিলিটেটর সেই বিষয়টা বিবেচনায় নেবেন এবং জেলা পর্যায়ের প্রোগ্রাম পারসোনেল এর কাছে এ বিষয়ে প্রয়োজনয়ী পদক্ষেপ গ্রহণের জন্য প্রতিবেদন পাঠাবেন।

মঞ্চায়নের শুরুতেই দলীয় প্রধান দর্শকের প্রতি একটি ঘোষণা দেবেন ইন্টারএ্যাকশন বিষয়ে এবং তাদেরকে অনুরোধ করবেন সাবলীলভাবে ইন্টারএ্যাকশন সংলাপে অংশ নিতে।

নাটককে ইন্টারএ্যাকটিভ করে তোলা ঃ

যখন আমরা নাটক করি, তখন আমাদের নিশ্চিত করা প্রয়োজন যে নাটকটি ভালভাবে বোঝা যাবে এবং দর্শকের কাছ থেকে প্রতিক্রিয়া পাবার প্রত্যাশা রয়েছে। একই ভাবে আমরা আমাদের নাটককে ইন্টারএ্যাকটিভ করে এটি অর্জন করতে পারি। এটি আমরা অন্যভাবেও করতে পারি নাট্যানুষ্ঠানের আগে বা পরেও হতে পারে। নাটকটিকে বিভিন্ন প্রয়োজন যে আমরা ইন্টারএ্যাকটিভ করে তৈরী করতে পারি তার উল্লেখ নিচে করা হল।

দর্শকের কাছে চরিত্রগুলোর প্রশ্ন করা ঃ

এ পদ্ধতিতে দর্শককে সক্রিয়ভাবে নাট্যক্রিয়ার সঙ্গে অর্ন্তর্ভূক্ত করা যায়। একটি চরিত্র দর্শকদের প্রশ্ন করে তাদের কাছ থেকে উত্তর প্রত্যাশা করবে বা তাদেরকে বিষয়টা নিয়ে ভাববেন।

এভাবে প্রশ্ন শুরু করার সহজতম পথ হচ্ছে এমন কোন প্রশ্ন করা যার উত্তরে দর্শক শুধুমাত্র হ্যা বা না বলবে। উদাহরণ স্বরূপ কোন একটি অবস্থার প্রেক্ষিতে একটি চরিত্রের কোন কিছু করা বা না করতে পারার জন্য সিদ্ধান্ত নিতে হবে, ঠিক তখন সে দর্শককে প্রশ্ন করতে পারে তার কি করা উচিত। অভিনেতা পুনরায় প্রশ্ন করা করতে পারে কোন কারণে তার করা উচিত বা উচিত নয়।

নাট্য মঞ্চায়ন পরবর্তী আলোচনা ঃ নাটকটি অভিনীত হয়েছে এবং একজন ফ্যাসিলিটেটর নাটকের বিষয়বস্তু ও দর্শকের জীবনের প্রাসঙ্গিকতা নিয়ে আলোচনার জন্য ফ্যাসিলেট করবে। নাটকটিতে যা ঘটেছিল তা দর্শকগণ বুঝেছে এটি নিশ্চিত করেই ফ্যাসিলেটিটর আলোচনা শুরু করবেন। জনগণ ছোট ছোট দলে বিভক্ত হয়ে তাদের মতামত নিয়ে আলোচনা করতে পারে এবং তা বৃহত্তর অংশকে জানিয়ে দেবে।

মঞ্চায়ন এবং পুনঃ মঞ্চায়ন ঃ এখানে আমরা সমস্যা সমাধানের লক্ষ্যে এই টেকনিক অবলম্বন করেছি। সমস্যা সমাধানের ক্ষেত্রে এটি নাটক মঞ্চায়নকে ইন্টারএ্যাকটিভ করার জন্যও কার্যকর ভূমিকা রাখবে। নাটকটি থামিয়ে আবার শুরু হবে এবং ফ্যাসিলেটিটর দর্শককে আহ্বান জানাবে, যে তারা যদি মনে করে এখানে চরিত্রটি এভাবে না করে অন্য কিছু করা উচিত ছিল তাহলে যেন তারা মাঝপথে নাটকটি থামিয়ে দেয়। দর্শক মঞ্চে এসে চরিত্রের স্থান নেবে এবং ঐ চরিত্রের কি ভাবনা তা অভিনয় করে দেখাতে পারে। ফ্যামিলিটেটর তখন অন্য দর্শকদের আহ্বান জানাবে সমস্যা সমাধানের ক্ষেত্রে এই নাট্য পরামর্শের কার্যকারীতা ও কৌশল নিয়ে মন্তব্য করার জন্য।

নাটকের শেষে ফ্যাসিলেটেটর নাটকের সমালচনার জন্য অথবা ইস্যু এবং চরিত্রগুলোর উপর মন্তব্যের আহ্বান জানাবে। ফ্যাসিলেটেটর নাটকটির মেসেজ সমূহের স্পষ্টতার জন্য দর্শকের মন্তব্য এবং উন্নতির জন্য পরামর্শ আহ্বান করতে পারেন।

দর্শকের প্রত্যাশা অনুযায়ী কোন নির্দিষ্ট চরিত্র তাদের সামনে উপস্থিত হবেন এবং পুনরায় অভিনয় করবেন এবং দর্শকের মন্তব্যে সাড়া দেবেন।
ইন্টারএ্যাকশনের সময়ে দর্শকদের মধ্যেকার বির্তককেও উৎসাহিত করবেন।

কিভাবে সংলাপ পরিচালিত হয় ?

- প্রশ্ন দিয়ে শুরু করা
- দর্শকের কথা সতর্কতার সাথে শুনতে হবে।
- দর্শককে সম্পৃক্ত করে ফেলা।
- অংশগ্রহণকারীদের আগ্রহ ও সক্রিয়তা খেয়াল রাখা।
- কঠিন পরিস্থিতিগুলো নিয়ন্ত্রণ করা।
- সময়ের দিকে খেয়াল রাখা।

পরিশেষে ফ্যাসিলেটেটর এর উচিত বিষয়বস্তুর সার সংক্ষপ করা এবং কমিউনিটি পিপল এর সাথে মুল বিষয় বস্তু ও তথ্যের উপর কিছু সুনির্দিষ্ট ঐক্যমতে পৌছান।

ফ্যাসিলেটিটর নির্বাচনের সময় মনে রাখতে হবে যে দলমত যোগাযোগের ক্ষেত্রে ফ্যাসিলেটেট করা নেতৃত্বের জন্য একটি শৈল্পিক দক্ষতা স্বরূপ এবং তিনিই ফ্যাসিলেটেটর হবেন যার এই দক্ষতা আছে। ফ্যাসিলেশন শুধুমাত্র নাটক পর্বের ফ্যাসিলেশন নয়, এটি একটি প্রক্রিয়া যা দর্শকের বক্তব্যকে সুসংগঠিত করে এবং যেখানে সকল দর্শক নাট্যপ্রক্রিয়ার একটি অংশ হিসেবে সম্পৃক্ত হয়ে পড়ে কোন রকম প্রভাব, প্ররোচনা ছাড়াই, দক্ষতা, সময় এবং বিষয়কে বিবেচনায় রেখে প্রজেক্ট কর্মপ্রক্রিয়ায় পৌছাবার জন্য। সে কারণে ফ্যাসিলিটেটর এর নিম্নোক্ত গুণাবলী ও দক্ষতা থাকা উচিত।

গুণাবলী সমূহ

- নেতৃত্বদেবার সময় জনগণের সামর্থের প্রতি আস্থা রাখা ।
- পারস্পরিক শ্রদ্ধাবোধ, আস্থা অর্জন এবং আনন্দঘন সাহচার্যের উপর ভিত্তি করে কমিউনিটি পিপলদের সাথে সম্পর্কন্নয়ন করা।
- পর্যবেক্ষণ, জনগণের বক্তব্যকে শোনা এবং তাদেরকে বোঝার জন্য সদিচ্ছা থাকা।
- দর্শকের সঙ্গে সঠিক এবং মুক্ত আলোচনার জন্য সদিচ্ছা থাকা ।
- ক্রিয়াশীল এবং পরীক্ষামূলক শিক্ষার মূল্য বোঝা এবং তার পর্যালোচনা ও প্রতিফলন এবং গুরুত্বকে উপলব্ধি করা।
- পরিকল্পিত কর্মপ্রক্রিয়াকে (প্রজেক্ট) স্বাভাবিক ভাবে চলতে দেয়া এবং এই কর্ম প্রক্রিয়াকে নিয়ন্ত্রণ না করার ইচ্ছা থাকা কিন্তু কমিউনিটি পিপলদের সহযোগিতার উপর দৃষ্টি দেয়া এবং অভিজ্ঞতার আলোকে তাদের সাহায্য করা।
- কমিউনিটি পিপল এর নিজস্ব ধারণাকে এগিয়ে নেবার জন্য তাদের কল্পনা শক্তিকে জাগ্রত করা ও উদ্বুদ্ধ করা।

করণীয়

- জনগণের ধারণা, অভিজ্ঞতা ও সামর্থের প্রতি শ্রদ্ধা রাখা।
- তাদের মতামত কে আস্থার সাথে গ্রহণ করা ও তাদেকে আন্তরিক ভাবে গ্রহণ করা।
- মেনে নিতে হবে জনগণের অধিকার আছে আলোচনাতে অংশগ্রহণ করার, যে বিষয়টি তাদের জীবনেও প্রতিফলিত হবে।
- প্রয়োজনে অন্যদের সহযোগিতায় তাদেরকে চিন্তা করতে, সিদ্ধান্ত নিতে, অভিনয় করতে সাহায্য করা।
- তাদের নিজস্ব ধারণা ও সামর্থের প্রতি নিজেদের আস্থা জন্মাবার জন্য সহযোগিতা করা এবং আরও গভীরভাবে ভাবনার জন্য প্রতিদ্বন্ধিতায় অবতীর্ণ করায় সাহায্য করা।
- দায়িত্ব পালনে তাদেরকে উৎসাহিত করা।
- সুস্থির এবং সমর্থক হওয়া।

অকরনীয়

- নিজেকে বিশেষজ্ঞ হিসেবে দেখা এবং ধারণা ও অভিজ্ঞতার ক্ষেত্রে একমাত্র ব্যাক্তি হিসেবে ভাবা।
- সমস্যা সমাধানের চেষ্টা করা  এবং জনগনের জন্য সিদ্ধান্ত উপস্থাপন করা।
- নিজের ধারণা ও সমাধান জনগনের উপর চাপিয়ে দেয়া।
- সমালোচনা করা, দোষ দেয়া অথবা তাদের ধারণাকে নিয়ে মজা করা।
- নিজের উপদেশের উপর তাদেরকে নির্ভরশীল করা।
- কথা কথা কথা আর কথা বলে যাওয়া।

দক্ষতা

সঠিক ভাবে দর্শকের ইন্টার এ্যাকশনকে ফ্যাসিলেট করার জন্য একজন ফ্যাসিলেটেটর এ নিচে উল্লেখিত গুনাবলী থাকা দরকার।

- শোনার দক্ষতা
- বলার দক্ষতা
- উপস্থাপনের দক্ষতা
- প্রশ্ন করতে পারা
- সংক্ষিপ্তসার করতে পারা
- স্বজ্যনতা থাকা
- সময়ের সঠিক ব্যাবস্থাপনা
- বিষয়ের সাথে খাপ খাওয়ান
- রসবোধ থাকা
- সৃষ্টিশীল হওয়া

৩.১০ আর্থিক ব্যাবস্থাপনা

আইপটি দল মঞ্চায়নের খরচ জেলা পর্যায়ের প্রোগ্রাম পারসোনেল এর নিকট উত্থাপন করবেন।

- অভিনেতা অভিনেত্রীদের সম্মানী
- অভিনেতা অভিনেত্রীদের যাতায়াত খরচ
- অভিনেতা অভিনেত্রীদের আপ্যায়নের খরচ
- প্রপস এবং মেকাপ
- সাউন্ড সিস্টেমের খরচ
- মঞ্চ স্থাপন খরচ
- স্থানীয় প্রচারণা
- মঞ্চায়ন সংগঠিত করার খরচ

বাস্তবায়নকারী সংস্থার উচিত হবে সতর্কতার সাথে খরচের পরিমান নির্ধারণ করা এবং নির্ধারিত সময়ে বাজেট সরবরাহ করা।

আইটি দল
স্থানীয় কর্তৃপক্ষের কাছ থেকে বিল সংগ্রহ করে প্রাপ্তি স্বীকার পত্র প্রদান করতে হবে।

## ৩.১১ রিপোর্টিং সিস্টেম

<u>আইপিটি দল</u>


- দলের সদস্যদের প্রশিক্ষিত করা এবং পান্ডুলিপি অনুযায়ী নাটক তৈরী করা।
- পান্ডুলিপি অনুযায়ী মঞ্চায়ন নিশ্চিত করা।
- উপজেলা সরকারী কর্মকর্তাদের সহায়তায় পরিকল্পিত সময়সূচী অনুযায়ী মঞ্চায়ন নিশ্চিত করা।
- নাটক উপস্থাপনের শেষে ইন্টারএ্যাকশন প্রক্রিয়া নিশ্চিত করা।
- নাটকের শেষে দর্শকের মতামত নেয়া।
- উপজেলা/ইউনিয়ন/গ্রাম পর্যায়ের নেতৃত্বশীল ব্যাক্তিদের সাথে যোগাযোগ করে নাটক সংগঠিত করা।
- নাটক মঞ্চায়নের প্রয়োজনীয়তা ও বাস্তবায়ন প্রক্রিয়া সম্পর্কে তাদের জানানো যাতে তারা দলগুলোকে মঞ্চায়নের সময় সহায়তা করতে পারে।
- সরকারী ও ইউনিসেফ অফিসিয়ালদের কাছ রিপোর্ট করা।

চতুর্থ অধ্যায়

## উপসংহার

## ৪. উপসংহার

আইপিটি কার্যক্রমের কার্যকর বাস্তবায়নের জন্য খুবই গুরুত্বপূর্ণ বিষয় হল দক্ষতা বৃদ্ধি কর্মশালা, পাণ্ডুলিপি প্রস্তুতের কর্মশালা এবং নাটক তৈরীর জন্য একটি গাইড লাইন / নির্দেশিকা প্রস্তুত করা। মোট কথা এই প্রস্তাবিত গাইডলাইনের পর্যায়ক্রমিক পর্যালোচনা ভবিষতের আইপিটির সচেষ্টাকে আরও প্রাসঙ্গিক করবে।



পরিশিষ্ট

নাটকের জন্য পান্ডুলিপি প্রস্ততকরণ

পান্ডুলিপি প্রস্তত করার ক্ষেত্রে কর্মশালা করা এবং না করা দুই রকম অনুশীলনই বাংলাদেশে আছে। কিছু কিছু সংগঠন যেমন- আরণ্যক, সিএটি, বিআইটিএ, ইউটিএসএ শুধুমাত্র পেশাজীবী নাট্যকারদের দিয়েই পান্ডুলিপি লেখায়। কিছু সংগঠন যেমন রূপান্তর, জিএসএস, টিটিএস, পান্ডুলিপি ওয়ার্কশপের মাধ্যমে পান্ডুলিপি প্রস্তত করে। অনুসন্ধানের মাধ্যমে জানা গেছে যে যেকোনো ওয়ার্কশপের মাধ্যমে প্রস্তত করা পান্ডুলিপি অনেক বেশী আবেদনময় এবং বাস্তবায়নের যোগ্য হয় যা সামাজিক সমস্যাগুলোকে আরও সঠিক ভাবে প্রতিফলিত করে। মোট কথা এই প্রক্রিয়া ষ্টেক হোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করে যা সফলজনক মঞ্চায়ন নিশ্চিত করে। যদিও অধিকাংশ ক্ষেত্রে সাধারণ এনজিওগুলো নাটক প্রস্তুত করে পেশাজীবী নাট্যকাদের দিয়ে।

**নাট্যায়ন/নাটক প্রস্তুত করা**

প্রচলিতভাবে নির্দেশকগণ নাটকের পান্ডুলিপির উপর ভিত্তি করেই নাট্যায়ন প্রক্রিয়া সম্পন্ন করে এবং এই নাট্যায়ন প্রক্রিয়ায় অভিনেতাদের ভূমিকার গুরুত্ব বিবেচিত হয় না, তারা শুধুমাত্র নির্দেশকের নির্দেশ পালন করেই চলে। কিন্তু উন্নয়ন নাটকের নাট্যায়ন প্রক্রিয়ার ক্ষেত্রে নির্দেশক, অভিনেতা, অভিনেত্রী এবং অন্যান্য ষ্টেক হোল্ডারদের সরাসরি অংশগ্রহণ থাকে। নির্দেশক অনেকটা ফ্যাসিলিটেটর এর মত ভূমিকা পালন করে। এই প্রক্রিয়ায় অভিনেতা এবং ষ্টেকহোল্ডাররা নাটকটিকে একান্ত নিজেদের কাজ মনে করে এবং তাদের সর্বোচ্চ প্রচেষ্টা দিয়ে মনোনিবেশ করে এবং তখনই নাটকটি কমিউনিটি পিপল এর সার্বিক পরিবর্তনের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে। উদাহরণ স্বরূপ বলা যায় সকল এনজিও নাটক তৈরি প্রক্রিয়ার জন্য নির্দেশক, অভিনেতা অভিনেত্রী এবং অন্যান্য ষ্টেক হোল্ডারদেরকে সম্পৃক্ত করে যার ফলে সকল ষ্টেক হোল্ডার একে তাদের নিজেদের কাজ মনে করে সুনিশ্চিতভাবে অঙ্গীকার বদ্ধ হয়। আর সে কারণে নাটকে স্থানীয় সংস্কৃতি ও কথ্যভাষার একটি সম্মিলনের মাধ্যমে নাটকের তথ্য সমূহ আরও কার্যকর ভাবে কমিউনিটি পিপল এর কাছে পৌছায়।

**মহড়া**

আরণ্যক, সিএটি এর মতই অধিকাংশ প্রথাগত নাটকের দল তাদের মহড়া চালায় একটি ঘরের মধ্যে এবং মহড়া দেখার জন্য কাউকে অনুমতি দেয়া হয় না। আর অধিকাংশ ক্ষেত্রে আইপিটি নাটকের মহড়া হয় কমিউনিটি পিপল এর সম্মুখে উন্মুক্ত স্থানে। আইপিটি দল তাদের প্রত্যেকটি মহড়ায় কিছু কমিউনিটি নেতৃবৃন্দকে স্বাভাবিকভাবেই আমন্ত্রণ জানায় মহড়া পর্যবেক্ষণের এবং মহড়া উপর আলোচনা করার জন্য যাতে আই পিটি দল তাদের নাটকে প্রয়োজনীয় পরিবর্তন আনতে পারে অথবা নাটকটির সুচিন্হি করতে পারে। কিছু নাটকের দল যেমন টি টি এস, ব্রাক, বিটা এই প্রক্রিয়াতেই মহড়া করছে। এটিতো সহজেই বিশ্বাস যোগ্য যে কমিউনিটি পিপল এর উপস্থিতিতে করা মহড়া নাট্য চরিত্রকে আরও লক্ষকেন্দ্রীক করে স্থানীয় ভাষা, রিচুয়াল, সংস্কৃতি ইত্যাদির সম্মিলনের যার ফলাফলে নাটকের তথ্যসমূহ আরও শক্তিশালী হয়ে কমিউনিটিতে পৌছায়।

**কমিউনিটিতে শো (নাট্যমঞ্চায়ন)**

পরিকল্পনা সভা

অধিকাংশ নাটকের দল নাটক মঞ্চায়নের পরিকল্পনা করে তাদের নিজস্ব সভাগুলোতে। শুধুমাত্র কর্মীরা বা অভিনেতারা এই প্রক্রিয়াতে অংশ নেয়। কিন্তু পিই ডি পি = ২, এল ডি পি এবং এম এন এইচ প্রোগ্রাম এর সভা অনুষ্ঠিত হয় জেলা পর্যায়ের স্থানীয় অফিসারদের (উপজেলা পর্যায়ের অফিসার) অংশগ্রহনে এবং নাট্যদলের নেতৃবৃন্দের সঙ্গে কমিউনিটি পর্যায়ে নাটক মঞ্চায়ন পরিকল্পনা নির্ধারণ এর জন্য।

মঞ্চ পরিকল্পনা

নাটক এবং মঞ্চ একে অন্যের পরিপূরক। মঞ্চ ছাড়া নাটক উপস্থাপন সম্ভব নয়। বর্তামান নাট্য চর্চায় যে কোন দলের প্রথাগত নাটক মঞ্চায়নে দেখা যায় মঞ্চকে অবশ্যই যেন নানা ভাবে রং চংয়ে করে সজ্জিত করতে হবে। কিন্তু থিয়েটার ফর ডেভেলপমেন্ট (টি এফ ডি) ভাবনাতে মঞ্চ হতে হবে খুবই সাধারণ, রঙ্গীন আলো বিহীন, দর্শক এবং অভিনেতারা একই মঞ্চ বা অবস্থানে থাকবেন। মঞ্চের পেছনে থাকবে শুধুমাত্র একটি ব্যানার। অবশ্য বর্তমান এজেন্সি গুলো যারা পপুলার থিয়েটার এর সঙ্গে কাজ করছে তারা কোন সুনির্দিষ্ট গাইডলাইন লাইন অনুসরন করে না। কেউ কেউ নাটকের জন্য মঞ্চ ব্যবহার করছে, অবশ্য তাদের মধ্যে অনেকে যেমন ব্রাক মঞ্চের জন্য ব্যবহার করে সাধারণ উন্মুক্ত স্থান।

প্রচারণা

প্রচারণার বর্তমান ধারা হচ্ছে সাধারনত নাটকের ৩/৪ ঘন্টা আগে প্রচারণা চালান। অথবা কোথাও দলগুলো নাটকের আগেই লিফলেট বিলি করে। গণছায়া, ঢাকা কাজ করে এইচ টি আর এর সঙ্গে, ঝিনুকমালা, ঢাকা করে এইচটি আর এর উপর, টি টি এস খুলনা করে, পি ই ডি পি-২ , এইচ টি আর, এম এন এইচ এর সঙ্গে, নাট্যমঞ্চ সিলেট কাজ করে  পি ই ডি পি-২ , এইচ টি আর, চট্টল থিয়েটার চিটাগাং পি ই ডি পি-২, এইচ টি আর, এম এন এইচ এর উপর কাজ করে যারা নাটকের শুধুমাত্র ৩/৪ ঘন্টা আগে প্রচারণা চালায়। টি টি এস খুলনা পি ই ডি পি-২ , এইচ টি আর, এম এন এইচ, নাট্যম বরিশাল এইচ টি আর, পি ই ডি পি-২ ইউ টি এস এর উপর, চট্টলা থিয়েটার চিটাগাং এইচ টি আর, পি ই ডি পি-২ এর উপর কাজ করছে যারা নাটক মঞ্চায়নের আগে লিফলেট বিলি করে। দেখা গেছে যে এটি একটি অপ্রতুল প্রচারণ যার ফলে মহিলাদের উপস্থিতি একদমই কম হয়; তারা নাটক দেখার জন্য আগে থেকেই প্রস্তুতি নিতে পারে না। যেখানে নাটকের আগের দিন প্রচারণা চালান হয়েছে সেখানে অনেক বেশি কমিউনিটি পিপলকে আকৃষ্ট করা গেছে; এতে তারা আগে থেকে প্রস্তুতি নিয়ে নাটক উপভোগ করতে পেরেছে। যদি প্রচারণা দুইবার করা যায় নাটক মঞ্চায়নের আগের দিন এবং মঞ্চায়নের দিন ৩/৪ ঘন্টা আগে তাহলে কমিউনিটি পিপলকে ভালভাবে আকৃষ্ট করা যায়। দেখা গেছে ব্রাক, রূপান্তর, টি টি এস নাটকের দুইদিন আগেই প্রচারণা চালায়।

সময় নিধারণ

নাটক মঞ্চায়নের সময়টা প্রত্যাশিত দর্শক সমাগমের জন্য খুবই গুরুত্বপূর্ণ। অধিকাংশ দল সন্ধ্যায় অথবা রাতে এবং কেউ কেউ সকালে নাটক উপস্থাপন করে। কমিউনিটি পর্যায়ে মঞ্চায়নের সময় নির্ভর করে স্থানীয় অবস্থানের কারনে। দেখা গেছে যে বিকেল বেলাটাই (৪:৩০ থেকে ৫:৩০) স্থানীয় মানুষের জন্য নাটক উপভোগের সঠিক সময়।

সাউন্ড সিষ্টেম

অডিটোরিয়াম এর মধ্যে মাইক্রোফোনগুলো নির্দিষ্ট স্থানে ঝুলন্ত অবস্থায় থাকে কিন্তু কমিউনিটি পর্যায়ে নাটক করার জন্য অথবা অডিটোরিয়াম এর বাইরে নাটক করার জন্য দলগুলো সাউন্ড সিষ্টেম এর ষ্টান্ড মাইক্রোফোন ব্যবহার করে। শহর এলাকার দলগুলো তাদের শোতে ৫ থেকে ১২ টি ষ্টাফ মাইক্রোফোন ব্যবহার করে। আইপিটি দল গুলো ৫-৮ টা মাইক্রোফোন ব্যবহার করতে পারে মঞ্চায়নের সময় তাদের দর্শদের সঙ্গে সুসংযোগের জন্য।

বসার ব্যবস্থা

অডিটোরিয়ামে দর্শক মঞ্চের সামনা সামনি বসে, কিন্তু অধিকাংশ পপুলার থিয়েটার এর শো অথবা লোক অনুষ্ঠানের বেলায়, এনজিওদের অনুষ্ঠানে মঞ্চের তিনদিক খোলা থাকে। প্রথাগত ভাবেই মেয়েরা মঞ্চের বাম পাশে, স্থানীয় দর্শকরা ডান পাশে এবং পুরূষগণ বসবে মঞ্চের সামনা সামনি। আইপিটি শোতে এই প্রচলিত নিয়ম মেনে দর্শকের বসার ব্যবস্থা করা হয়।

মঞ্চায়নগুলোর মধ্যবর্তী সময় ও পুনপ্রচার

একই কমিউনিটিতে বারবার শো করার জন্য মধ্যবর্তী সময় নির্ধারণে কোন নিয়ম আমাদের দেশে সঠিকভাবে মানা হয় না। কিছু সংগঠন যেমন রূপান্তর, বিটা, ব্রাক ৩ মাস থেকে ৬ মাসের বিরতিতে একটি কমিউনিটিতে নাটক মঞ্চস্থ করে। পিইডিপি-২ এর জন্য এই বিরতি এক বছরের। কিন্তু কমিউনিটি পিপল এর ভাবনার পরিবর্বতন এর জন্য কমপক্ষে ৩ মাস পরপর নাটক করা উচিত এবং যা সঠিক বলে ইতোমধ্যে বিবেচিত হয়েছে। এটা সুস্পষ্ট যে পুণঃ মঞ্চায়নের সংখ্যা বৃদ্ধি করা উচিত কার্যকরভাবে ধারণা এবং আচরণের পরিবর্তন সুনিশ্চিত করার জন্য।

ইন্টার এ্যাকশন

অধিকাংশ নাটকের দল যেমন আরণ্যক, সি এ টি, রূপান্তর ইন্টারএ্যাকশন পদ্ধতি ব্যবহার করে না। টি এফ ডির ক্ষেত্রে  কিছু নাটকের দল যেমন টি টি এস , ইউ টি এস এ, ব্রাক যারা ইউনিসেফের সঙ্গে কাজ করে তারা ইন্টারএ্যাকশন প্রক্রিয়া ব্যবহার করার চেষ্টা করছে কিন্তু এখন পর্যন্ত তার ইন্টারএ্যাকশন এর মান সম্পন্ন কোন রূপরেখা তৈরি করতে পারেননি। কেউ কেউ নাটকের মাঝপথে ইন্টারএ্যাকশন পদ্ধতি ব্যবহার করছে আর কেউ কেউ নাটকের শেষে এবং কিছু নাটকের দল চরিত্র ও দর্শকের মধ্যকার ইন্টারএ্যাকশন ফেসিলিটেট করছে। অগস্তা বোওল এর থিয়োরী অনুযায়ী নাটকটি পরিপুর্ণভাবে পান্ডুলিপিবদ্ধ বা পূর্বলিখিত হবে এবং সর্তকভাবে মহড়াকৃত হতে হবে যেন ভাল খারাপ চরিত্রগুলোকে দর্শক খুব সহজে চিহ্নিত করতে পারে এবং চরিত্রগুলোকে সহজ স্বাভাবিক মনে হয়। নাটকটি যে দর্শকদের কে দেখান হচ্ছে যারা এই একই অথবা একই ধরনের অভিজ্ঞতায় অভিজ্ঞ দলের কর্মীদের মত। নাকটটি বারবার দেখান হয়েছে এবং দর্শকদের কে আহবান জানানো হচ্ছে যে কোন স্থানে নাটকটি বন্ধ করা বা স্থির করে রাখা যখন তারা উপলব্ধি করবে যে ঐ নির্যাতিত চরিত্রের পরিনতি তার পক্ষে আরও

ভালভাবে হয়ত হতে হতে পারত। দর্শক নির্যাতিত চরিত্রটি অবস্থানে অংশ নিয়ে বিকল্প কোন কিছুর জন্য চেষ্টা করতে পারে।

দর্শক মতামত

জি এম এস, টি টি এস, পি ই ডি পি-২ এবং এইচ টি আর প্রকল্পগুলো দর্শক মতামত জরিপ করার উদ্যোগ নিয়েছে। নাটকের কার্যকারিতা যাচাই করার জন্য এই সকল দলগুলো নাটকের আগে ও পরে দর্শকের সাথে কথোপকথন করে থাকে।

যে কোন দিনের নাট্য মঞ্চায়নের সময় নির্ধারিত সেচ্ছাসেবকগণের উচিত সমস্যাটাকে নিয়ে শো এর আগেই একটি সাধারণ প্রশ্নমালা নিয়ে কমপক্ষে ১০ জনের কাছে যাওয়া। (শিক্ষক, সেচ্ছাসেবক, কিশোর কিশোরী, বালক-বালিকা)

মনিটেরিং এবং ফলোআপ কার্যক্রম

রূপান্তর, বিটা, এবং কিছু সংগঠন কমিউনিটি পর্যায়ে শো চলাকালীন সময়ে কিছু প্রশ্নমালার মাধ্যমে মনিটরিং করেন। শোর পর মনিটরিংকৃত ব্যাক্তি নাট্যদলের সঙ্গে বসে তাদের দেখা সমস্যাগুলো নিয়ে আলোচনা করেন। পিইডিপি ২, এইচটিআর এবং এমএনএইচ প্রজেক্টের সরকারী কর্মকর্তারা নাটকের শো দেখে নাটক শেষে অসম্পূর্নতাগুলো নিয়ে আলোচনা করবেন। প্রজেক্ট কর্মপ্রক্রিয়ার শেষে দায়িত্বশীল বিভাগ একটি কর্মশালার আয়োজন করে সেখানে নাট্যদল সমুহের প্রতিনিধি, অভিনেতা-অভিনেত্রী এবং মনিটরিং এর কর্মকর্তারা অংশগ্রহণ করবে। এই কর্মশালায় অংশগ্রহণকারীগণ নাটকের অসম্পূর্নতা দুর করার পথ খুঁজে পাবে।

স্থানীয় অংশীদারের সক্রিয়তা

এনজিও গুলো তাদের নিজস্ব দলগুলোকে দিয়ে পপুলার থিয়েটার কর্মশালা বাস্তবায়ন করছে। কমিউনিটি পর্যায়ে পপুলার থিয়েটার বাস্তবায়নে অন্যকোন অংশীদারকেও তারা সম্পৃক্ত করে। কিন্তু ইউএসএআইডি, ড্যানিডা এবং কেয়ার এর মত এজেন্সিগুলো এবং সেফ দ্যা চিলড্রেন (সুইডেন-ডেনমার্ক) স্থানীয় অংশগ্রহনকারীদের মাধ্যমে এইচটিআর, সিআইডিডি, আঘাত প্রতিরোধ, জ্বর, ফ্লু প্রতিরোধ এবং স্বাস্থ্য সচেতনতার উন্নতির প্রজেক্ট সমুহ পপুলার থিয়েটার এর দ্বারা বাস্তবায়ন করে চলছে।

ইউনিসেফ এর বর্তমান চর্চার বিশ্লেষণ

সামর্থ ও চ্যালেঞ্জ ২০০৩ সাল থেকে ইউনিসেফ সচেতনতা বৃদ্ধির মাধ্যম হিসেবে আই পি টি ব্যবহার করে আসছে। শিক্ষা বিভাগ এই মাধ্যম পি ই ডি পি-২, এন ডি পি এবং এইচ টি আর প্রজেক্টে সফল ভাবে প্রচার করছে। ১৩০টি আইপিটি দল এই প্রক্রিয়ার অধীনে কাজ করছে।
স্বাস্থ্য এবং পুষ্টি বিভাগও আইপিটি ব্যবহার করছে এমএনএইচ ইস্যু নিয়ে কমিউনিটি পিপলকে সচেতন করার জন্য। আইপিটি এনএনপি ইস্যু নিয়ে ১০৫ টি উপজেলাতে এটি বাস্তবায়ন করছে।

শিশু সুরক্ষা বিভাগঃ কিশোর কিশোরীদের কথা বলার অধিকার কে জাগ্রত করার জন্য আইপিটির প্রজেক্ট নেয়া হয়েছে। ওয়াটার এনটারটেইনমেন্ট এন্ড স্যানিটেশন (ডব্লউইএস) বিভাগ কমিউনিটি পিপল এর স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির জন্য এনজিওর মাধ্যমে কাজ করে চলছে।

ইউনিসেফের বর্তমান কর্মকান্ডের বিশ্লেষণে দেখা গেছে ইন্টারএ্যাকটিভ পপুলার থিয়েটার এর বাস্তবায়নের সময়কার প্রক্রিয়ার অনুশীলন কিছু সামর্থ বৃদ্ধি করেছে, যার ফলে জেলা পর্যায়ে প্রায় ১৩০টি নাট্যদলকে অর্ন্তভূক্ত করা গেছে, সরকারের কাছে আইপিটির গ্রহণ যোগ্যতা বেড়ে চলেছে, ইউনিসেফ এর শিক্ষা বিভাগের পূর্ণাঙ্গ বাস্তবায়ন নির্দেশিকা সহজে পাওয়া যাচ্ছে, পান্ডুলিপি প্রস্তুত ও নাটক প্রস্তুত প্রক্রিয়ায় অংশীদারিত্বের প্রয়োগ এবং সর্বজন গ্রহণযোগ্যতা মিলছে।

সামর্থ

- ১৩০ টিরও বেশি জেলা ভিত্তিক নাট্যদল কাজ করছে।
- সরকারী গ্রহণযোগ্যতা নিয়ে আই পি টি কলেরব বৃদ্ধি হয়ে চলছে।
- শিক্ষা বিভাগে এর পরিপূর্ণ নির্দেশনা আছে।
- শিক্ষা বিভাগে বাস্তবায়নকারীদের ভূমিকা ও দায় দায়িত্ব লিপিবদ্ধ রয়েছে।
- পান্ডুলিপি প্রস্তুতকরা ও নাটক প্রস্তুতকরার প্রক্রিয়া অংশীদারিত্বের ভিত্তিতে করা।
- সার্বিক গ্রহণ যোগ্যতা।

বর্তমান চর্চা সমুহের চ্যালেঞ্জ

- ইউনিসেফ এর বিভিন্ন বিভাগ বিভিন্ন ভাবে আইপিটি ব্যবহার করছে।
- ইউনিসেফ এ কোন সুনিদিষ্ট লিখিত নির্দেশ নেই।
- মনিটরিং সিষ্টেম/ এমআইএস সুস্পষ্ট নয়।
- প্রশিক্ষণ পদ্ধতি সুস্পষ্ট নয়।
- অধিকাংশ বিভাগই কখন এবং কিভাবে ইন্টারএ্যকশন পরিচালনা করতে হবে সে বিষয়ে ওয়কিবহাল নয়।
- পূন মঞ্চায়নগুলো সঠিক নিয়মে হয় না পূণ মঞ্চায়ন এর জন্য কোথাও কোন নির্দেশনা নেই।
- নাটকগুলো বাসস্টান্ড, হাট বাজারে এবং অন্যান্য ব্যাস্ত স্থানে সংগঠিত হয় যেখানে দর্শক পরিপূর্ণভাবে নাটক উপভোগ করতে পারে না।
- কোন কোন সময় দলগুলো সকালে বা দুপুরের পরেই নাটক মঞ্চায়ন করতে চায় কেননা তারা স্থানীয় জেলা শহর থেকে আসে আর স্থানীয় দর্শকের সময়ের কথা চিন্তা করে না।

যাহোক, বর্তমানে কর্মপ্রক্রিয়ার পুণ:মূল্যায়নে কিছু চ্যালেঞ্জের উলেখ করা হয়েছে যেখানে কমিউনিটি পর্যায়ে নাটক বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতা স্বরূপ কাজ করছে। ইউনিসেফের জন্য এই চ্যালেঞ্জ এর মধ্যে রয়েছে একটি পরিপূর্ণ আইপিটি বাস্তবায়ন নির্দেশিকার অভাব।

# আইপিটি রিপোর্টিং ফর্ম

জেলার নাম------------------------------------------
নাম----------------------------------------------- পদবী--------------------------------------
রির্পোটিং এর তারিখ---------------------  সাক্ষর---------------------------------

| উপজেলার নাম | দলের নাম | উপস্থাপনার নাম | মোট মঞ্চায়ন | আনুমানিক দর্শক সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | কিশোর কিশোরী | মোট |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

জেলা প্রোগ্রাম পারসোনেল এর সাক্ষর  আইপিটির সাক্ষর

তারিখ  তারিখ

আইপিটি পারফরমেন্সের এ্যাকশন প্লান

আইপিটি দলের নাম--------------------------------------------------------------------------------
----------------
ঠিকানা-------------------------------------------------------------------------------------------
----------------
নির্দেশক/যোগাযোগ এর ব্যাক্তি-----------------------------------------------------------------
---------------

| নং | উপজেলা | ইউনিয়ন | তারিখ | গময় | স্থান | উপজেলা কর্মকর্তাদের নাম এবং ফোন নং |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

জেলা প্রোগ্রাম পারসোনেল এর সাক্ষর আইপিটির সাক্ষর

নির্দেশক

তারিখ-- তারিখ---

দর্শক মতামত ফরমেট (শো পরবর্তী সাক্ষাতকার পত্র)

নাম------------------------------------ বয়স----------------- পেশা----------
------------
ঠিকানা----------------------------------------------------------------------------------------
----------------
উপস্থাপনার বিষয়-----------------------------------------------------------------------------
---------------
স্থান---------------------------------------- তারিখ-----------------------------------
সময়-------------

প্রশ্ন ১ নাটকটি কেমন ছিল? ভাল ☐ মোটামুটি ☐ ভাল নয় ☐

প্রশ্ন ২ নাটকটির প্রধান বক্তব্য কি?
--------------------------------------------------------------------------------------
--------------------------------------------------------------------------------------
--------------------------------------------------------------------------------------
----------------------------------------------

প্রশ্ন ৩ নাটক হবার খবর কিভাবে পেয়েছেন?
মাইকিং ☐ পোস্টার ☐ বন্ধু ☐ সহকর্মী ☐ অন্যান্য ☐

প্রশ্ন ৪ নাটকটি নিয়ে আপনার চিন্তা ভাবনা কি?
--------------------------------------------------------------------------------------
--------------------------------------------------------------------------------------
------------------------------

প্রশ্ন ৫ অভিনয় কেমন ছিল?
খুব ভাল ☐ ভাল ☐ ভাল নয় ☐

প্রশ্ন ৬ আপনি কি মনে করেন দর্শক নাটকটির বক্তব্য গ্রহন করেছে?
হ্যা ☐ না ☐ জানিনা ☐

প্রশ্ন ৭ আপনি কি মনে করেন নাটকটির বক্তব্য খুবই গ্রহনযোগ্য এবং সাধারণ মানুষের উচিত বর্তমান এই চর্চা থেকে বেরিয়ে আসা?
হ্যা ☐ না ☐ জানিনা ☐

প্রশ্ন ৮ নাটকটি দেখার পর আপনার করনীয় কি?
--------------------------------------------------------------------------------------
--------------------------------------------------------------------------------------

প্রশ্ন ৯ সমগ্র নাটকটির উপর আপনার মতামত বলুন------------------------------------------
------------------------------------------------------------------------------------------

ফরমেট

দর্শকর সাথে নাটক পুর্ববতী সাক্ষাতকার

নাটকের নাম-------------------------------------------------------------------------------
-----------------------তারিখ--------------------------------------------------  সময় -------
-------------------------------------
দর্শকের নাম------------------------------------- বয়স ------------------------- পেশা --------

প্রশ্ন ১  নাটক হবার খবর কিভাবে পেয়েছেন ?

মাইকিং ☐  পোস্টার ☐  বন্ধু ☐  সহকর্মী ☐  অন্যান্য ☐

প্রশ্ন ২  নাটকের বিষয়বস্তুটি কি জানেন?

হ্যা ☐  না ☐

প্রশ্ন ৩  নাটকের ইস্যুটির কোন ধারণা কি আপনার আছে?

হ্যা ☐  না ☐

প্রশ্ন ৪  আপনি কি মনে করেন যে স্থানটি যথাযত হয়েছে?

হ্যা ☐  না ☐

প্রশ্ন ৫  আপনি কি মনে করেন বসার ব্যাবস্থাটি ভাল ছিল?

হ্যা ☐  না ☐

প্রশ্ন ৬  ব্যানারটি কি দেখতে পেয়েছেন?

হ্যা ☐  না ☐

প্রশ্ন ৭  ব্যানারের শ্লোগানটির সঙ্গে কি আপনি একমত?

প্রশ্ন ৮  কেন আপনি একমত অথবা একমত নন ?

------------------------------------------------------------------------------------------
------------------------------------------------------------------------------------------

আইপিটি মঞ্চায়নের চেক লিস্ট

আইপিটি কার্যক্রম সংগঠনে ও বাস্তবায়নে যারা নিয়োজিত তাদের কাজের জন্য এই চেক লিস্টটি সহায়তা করবে।

১. মঞ্চায়নের আগে

- লোকাল কমিউনিটি দলগুলোর সংগে সভা আয়োজন করা( এম এমসি, কমিউনিটি দলের সহায়তাকারী দল)
- স্থানীয় সেচ্ছাসেবক নির্বাচন।
- গাইডলাইন অনুযায়ী স্থান নির্বাচন।
- স্থানীয় প্রচারণা কার্যক্রম করা।
- মঞ্চ স্থাপন।
- দর্শকদের জন্য বসার ব্যাবস্থা করা বিশেষ করে মহিলা, কিশোরী ও ছোটদের জন্য
- স্থানীয় নেতৃবৃন্দ ও প্রভাবশালীদের আমন্ত্রণ করা।
- মঞ্চে সাউন্ড সিস্টেম এর ব্যবস্থা করা।
- আলোক সরঞ্জামের ব্যাবস্থা করা। ( যদি নাটক সন্ধ্যা বেলায় হয়)
- আইপিটি দলের মহড়ার ব্যাবস্থা করা।
- ইন্টারএ্যাকশনের জন্য ফ্যাসিলিটেটর নির্বাচন করা।

২. মঞ্চায়নের সময়

- দর্শক ব্যবস্থাপনা করা।
- নিশ্চিত করা যে প্রত্যেক দর্শকই নাটকটি উপভোগ করতে পারছে।
- ইন্টারএ্যাকশন নিশ্চিত করা ( নাটকের শেষে)।
- দর্শকের মতামতকে সংক্ষিপ্ত করণ করা।

৩. মঞ্চায়ন শেষে

- প্রতিবেদন প্রস্তুত করা এবং প্রোগ্রাম পারসোনেল এর নিকট জমা দেয়া।
- দর্শক কর্তৃক দর্শক মতামত ফরমেট পূরণ করা।
- ফিল্ড এজেন্সি স্থানীয় কর্তৃপক্ষের কাছ থেকে সাক্ষর গ্রহন করবে যাতে নাটকটি করা হয়েছে বলে প্রমানিত।
- প্রয়োজনীয় কর্তৃপক্ষের নিকট চুড়ান্ত প্রতিবেদন জমা দেয়া।

------